Department of Education
Chancellor Richard A. Carranza

2য় সংস্করণ

# নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের(DOE)

# আর্লি ইন্টারভেনশন -থেকে- প্রিস্কুলে উত্তরণেরগাইড








## Languages Other Than English: For Families

| |
|---|
| If this is your native language, this guide is available in your language. To request a copy, please ask the staff member who is assisting you, or by searching online on the website below. |
| إذا كانت هذه هي لغتك الأم، فهذا الدليل متاح بلغتك. لطلب نسخة، يرجى سؤال الموظف الذي يساعدك، أو من خلال البحث عبر الإنترنت على الموقع أدناه. |
| এটি যদি আপনার দেশীয় ভাষা হয়, এই গাইডটি আপনার ভাষায় পাওয়া যায়। একটি কপি অনুরোধ করতে, অনুগ্রহ করে আপনাকে সহায়তা করছেন যে স্টাফ সদস্য তাঁকে জিজ্ঞাসা করুন, অথবা নিচের ওয়েবসাইটে অনলাইনে খুঁজুন। |
| 如果這是您的母語，這份指南有您母語的譯本。如需索取一份指南，請找正在協助您的職員，或上網到以下網站搜索這本指南的網上版。 |
| S'il s'agit de votre langue maternelle, ce guide est disponible dans votre langue. Pour obtenir un exemplaire, veuillez faire une demande auprès du membre du personnel qui vous aide ou en faisant une recherche en ligne sur le site Internet indiqué ci-dessous. |
| Si lang sa a se lang natifnatal ou, gid sa a disponib nan lang ou pale a. Pou jwenn yon kopi, tanpri mande manm estaf k ap ede w la, oswa al chèche sou entènèt nan sitwèb ki pi ba a. |
| 이것이 귀하의 모국어라면, 본 안내서가 사용하시는 언어로 준비되어 있습니다. 사본을 요청하시려면 여러분을 돕고 있는 직원에게 문의하시거나, 아래 웹사이트에서 온라인으로 찾아보십시오. |
| Это руководство переведено на русский язык. За переводом обращайтесь к сотруднику Департамента или на указанный ниже веб-сайт. |
| La guía está disponible en español. Pida un ejemplar en español al miembro del personal que lo está ayudando o consulte la página web más abajo. |
| اگر یہ آپ کی آبائی زبان ہے تو، یہ رہنمائی آپ کی زبان میں دستیاب ہے۔ ایک نقل (کاپی) کی درخواست کرنے کے لیے براہ کرم عملے کے اس رکن سے پوچھیں جو آپ کی مدد کر رہا ہے یا ذیل ویب سائٹ پر تلاش کریں۔ |

**https://www.schools.nyc.gov/special-education/preschool-to-age-21/moving-to-preschool**

## ইংরেজি ছাড়া অন্য ভাষাভাষী: পেশাদারদের জন্য

আরবি, বাংলা, চায়নিজ, ফ্রেঞ্চ, হেইশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্পানিশ এবং উর্দু ভাষায় এই গাইডটি লভ্য এবং **https://www.schools.nyc.gov/special-education/preschool-to-age-21/moving-to-preschool**সাইটে এটি পাওয়া যাবে।

# বাগতম!

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) এবং ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (NYC হেলথ্ ডিপার্টমেন্ট) – উভয়েই আমাদের তরুণ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা যাতে তাদের চাহিদা অনুযায়ী পরিষেবার সুযোগ লাভ করে সেবিষয়টি নিশ্চিত করতে কাজ করছে বিশেষ করে উত্তরণের ধাপগুলিতে (একটি সিস্টেমের প্রদত্ত পরিষেবা থেকে অন্য আরেকটি সিস্টেমে ঐ পরিষেবা প্রদানের ক্ষেত্রে)। আমাদের এজেন্সিগুলি আর্লি ইন্টারভেনশন (আগে থেকে হস্তক্ষেপ গ্রহণ – EI) প্রোগ্রাম থেকে প্রিস্কুলে উত্তরণ উন্নত করতে পরস্পরের সাথে কাজ করে এবং তারা এই গাইডটি তৈরি করতে একসাথে করেছে যাতে আপনার সন্তানের প্রিস্কুল বিকল্পগুলি সম্পর্কে আপনাকে আরও তথ্য প্রদান করা যায়। আমরা আশা করছি এই তথ্য আপনার সন্তানের জন্য সিদ্ধান্ত গ্রহণে আপনার জন্য সহায়ক হবে।

আমরা জানি যে প্রতিবন্ধিতাযুক্ত শিশুদের পরিবারগুলির জন্য এই উত্তরণ কতটা কঠিন হতে পারে। এছাড়া, EI থেকে প্রিস্কুলে উত্তরণ একটি সংকটজনক সময় যখন পরিবারগুলির সুস্পষ্ট তথ্য ও সহায়তার প্রয়োজন হয়। আপনারা জানেন যে 0 ও 3 বছর বয়সের বিকাশগত বিলম্ব ও প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের EI প্রোগ্রামের মাধ্যমে হেলথ্ ডিপার্টমেন্ট প্রদত্ত পরিষেবা লাভের সুযোগ রয়েছে। যেসব পরিবারে 3 থেকে 5 বছর বয়সের শিশু রয়েছে তাদের শিশুর বয়স 3 বছর হতে চলার সময় একটি রেফারেল প্রদান করে DOE-র কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশনে (CPSE) যোগ দেওয়ার বিকল্প রয়েছে। পরিবারগুলি আর্লি চাইল্ডহুড প্রোগ্রামসমূহে আবেদনও করতে পারে যেমন 3-K ফর অল এবং আর্লিলার্ন NYC-তে।

আমরা আপনাকে এই গাইডের তথ্যের সঙ্গে পরিচিত হতে এবং সেগুলি EI প্রোগ্রাম কোঅর্ডিনেটর, পরিষেবা প্রদানকারী ও শিক্ষকদের সঙ্গে আলোচনা করতে উৎসাহ দিই। আপনার সন্তানের সাফল্য ও বেড়ে ওঠার প্রতি আপনার অব্যাহত অঙ্গীকারের জন্য ধন্যবাদ।

বিনীত,

জশ ওয়াল্যাক (Josh Wallack)
ডেপুটি চ্যান্সেলর,
আর্লি চাইল্ডহুড এডুকেশন অ্যান্ড স্টুডেন্ট এনরোলমেন্ট, NYC DOE

লিন্ডা চেন (Linda Chen)
চিফ অ্যাকাডেমিক অফিসার
NYC DOE

ডঃ ড্যানিয়েল স্টিফেন্স (Dr. Daniel Stephens)
ডেপুটি কমিশনার অভ ফ্যামিলি অ্যান্ড চাইল্ড হেলথ্
NYC হেলথ্ ডিপার্টমেন্ট

# সূচিপত্র


**I. আর্লি চাইল্ডহু কেয়ার অ্যান্ড শিক্ষার বিকল্পসমূহ . . . . . . . . পৃষ্ঠা 7**

ছোট শিশু ও সদ্য হাঁটতে শেখা শিশুদের জন্য DOE- এর বিকল্পগুলি . . . . . . . . পৃষ্ঠা 7
3 ও 4 বছর বয়সী শিশুদের জন্য আর্লি চাইল্ডহুড কেয়ার এবং এডুকেশন বিকল্প . . . . . . . . পৃষ্ঠা 7
প্রতিবন্ধিতাযুক্ত শিশুদের জন্য 3-K ও প্রি-K-তে আবেদনের সময়রেখা . . . . . . . . পৃষ্ঠা 9

**II. আর্লি ইন্টারভেনশন থেকে প্রিস্কুল স্পেশাল এডুকেশনে উত্তরণ . . . . . . . . পৃষ্ঠা 10**

উত্তরণের মিটিং . . . . . . . . পৃষ্ঠা 10
প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রক্রিয়া . . . . . . . . পৃষ্ঠা 11
নোটিফিকেশন . . . . . . . . পৃষ্ঠা 11
রেফারেল . . . . . . . . পৃষ্ঠা 11
মূল্যায়ন . . . . . . . . পৃষ্ঠা 12
CPSE মিটিং . . . . . . . . পৃষ্ঠা 13
প্রোগ্রাম ও পরিষেবাসমূহ . . . . . . . . পৃষ্ঠা 14
সহায়ক প্রযুক্তি . . . . . . . . পৃষ্ঠা 15
যথাযথ প্রক্রিয়া . . . . . . . . পৃষ্ঠা 17
3-K ফর অল ও প্রি-K ফর অল-এ লভ্য সহায়তা . . . . . . . . পৃষ্ঠা 18

**III. আর্লি ইন্টারভেনশন ও প্রিস্কুল স্পেশাল এডুকেশনের মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য . . . . . . . . পৃষ্ঠা 19**

**IV. ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশ (LRE) ও অন্তর্ভুক্তি . . . . . . . . পৃষ্ঠা 21**

ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশ . . . . . . . . পৃষ্ঠা 21
অন্তর্ভুক্তির উপকারিতা . . . . . . . . পৃষ্ঠা 22

**V. বাড়তি তথ্য ও সংস্থানসমূহ . . . . . . . . পৃষ্ঠা 23**

3-K ফর অল ও প্রি-K ফর অল-এ আবেদনের সংস্থানসমূহ . . . . . . . . পৃষ্ঠা 23
প্রিস্কুল স্পেশাল এডুকেশনে সহায়তার জন্য DOE-র যোগাযোগের তথ্য . . . . . . . . পৃষ্ঠা 23
CPSE রিজিয়ন, চেয়ারপার্সন ও কমিউনিটি কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগের তথ্য . . . . . . . . পৃষ্ঠা 24
অফিস অভ স্কুল হেলথ্ . . . . . . . . পৃষ্ঠা 26
বহিঃস্থ সংস্থানসমূহ . . . . . . . . পৃষ্ঠা 27

**VI. মূল পরিভাষাগুলি . . . . . . . . পৃষ্ঠা 28**

# আগে হস্তক্ষেপ (আর্লি ইন্টারভেনশন) থেকে প্রিস্কুল স্পেশাল এডুকেশনে উত্তরণের DOE গাইড

ইনফ্যান্ট, টডলার, এবং আর্লি চাইল্ডহুডের বছরগুলি বিকাশ এবং বেড়ে-ওঠার একটি অবিশ্বাস্য সময়। এই সময়, অনেক শিশু শিখন এবং সাফল্যে তাদেরকে বাড়তি সহায়তা দিলে উপকৃত হয়। নিউ ইয়র্ক সিটিতে, তিন বছর বয়সের নিচের দেরিতে বিকাশ লাভ করা এবং প্রতিবন্ধিতাযুক্ত শিশুগণ ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) কর্তৃক পরিচালিত আর্লি ইন্টারভেনশনের (EI) মাধ্যমে এইসব সহায়তা পেতে পারে। শিক্ষাগত প্রতিবন্ধিতাযুক্ত তিন বছর এবং তার অধিক বয়সী শিক্ষার্থীগণ, যারা দেরিতে শেখে অথবা প্রতিবন্ধিতার কারণে যাদের শিক্ষণ ক্ষতিগ্রস্ত হয়, তাদের জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (DOE) বিভিন্ন ধরনের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং পরিষেবা রয়েছে।

EI থেকে উত্তরণের সময়, আপনি আপনার সন্তানের EI পরবর্তী পরিষেবার প্রয়োজন রয়েছে বলে মনে করলে আপনি আপনার সন্তানকে DOE-এর প্রিস্কুল কমিটি অন স্পেশাল এডুকেশনের (CPSE) কাছে প্রেরণ করতে পারেন। আপনার সন্তানের পরিষেবার চাহিদা থাকা বা না থাকা নির্বিশেষে, তিন বছর বয়স হতে চলা সকল শিশুকে বিনামূল্যের বা কম খরচের 3-K ফর অল প্রোগ্রামগুলিতে আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে। শিশুরা 3-K ফর অল এর মতো কোন ছোট শিশুদের পরিবেশে প্রিস্কুল স্পেশাল এডুকেশন পেতে পারে।

এই গাইড, আপনি যখন EI থেকে প্রিস্কুলে উত্তরণের প্রস্তুতি নিচ্ছেন, তখন সেইসব তথ্য প্রদান করে যা আপনার বিকল্পসমূহ বুঝতে আপনাকে সহায়তা প্রদান করে। এটিতে অন্তর্ভুক্ত DOE আর্লি চাইল্ডহুড এডুকেশন প্রোগ্রামসমূহ সম্পর্কিত তথ্য এবং প্রিস্কুল স্পেশাল এডুকেশনে উত্তরণ প্রক্রিয়ার তথ্যও।



# I. আর্লি চাইল্ডহুড ও শিক্ষা-সংক্রান্ত বিকল্পসমূহ

## ছোট শিশু ও সদ্য হাঁটতে শেখা শিশুদের জন্য DOE এর বিকল্পগুলি

আপনার সন্তানের বয়স তিন বছরের কম হলে এবং আপনি শিশুদের আর্লি চাইল্ডহুড কেয়ার ও শিক্ষা সংক্রান্ত বিকল্পগুলিতে আগ্রহী হলে DOE এর জন্ম থেকে দু'বছরের শিশুদের জন্য প্রোগ্রামের বিকল্পগুলিও রয়েছে। আপনার সন্তান জন্ম থেকে দু'বছরের শিশুদের জন্য আর্লি চাইল্ডহুড ইন্টারভেনশন (EI) প্রোগ্রামে থাকাকালীন একটি DOE আর্লিলার্ন প্রোগ্রামেও EI পরিষেবা প্রদান করা যেতে পারে। নিউ ইয়র্ক সিটি যোগ্য পরিবারগুলির জন্য বেশ কয়েকটি বিনামূল্যের বা কম খরচের আর্লিলার্ন প্রোগ্রাম প্রদান করে। এই প্রোগ্রামগুলিতে জন্ম থেকে দু'বছর বয়সের শিশুদের জন্য সারাবছর ধরে দিনে দশ ঘণ্টা পর্যন্ত আর্লি কেয়ার ও শিক্ষা প্রদান করা হয় যোগ্যতার ভিত্তি হল আপনার পরিবারের উপার্জন ও চাহিদা।* যদি আপনি যোগ্য হন এবং আসন খালি থাকে, তাহলে আপনার সন্তান বছরের যেকোন সময় একটি প্রোগ্রাম শুরু করতে পারে। এই বিকল্পগুলির মধ্যে রয়েছে:

- ছোট শিশুদের/সদ্য হাঁটতে শেখা শিশুদের সম্প্রসারিত দিনের/বছরের প্রোগ্রামগুলি;
- আর্লি হেড স্টার্ট প্রোগ্রামসমূহ; এবং
- অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন সার্ভিস ( ACS) -এর ভাউচারের বিকল্পগুলি।

এই বিকল্পগুলি সম্পর্কে আরো জানতে DOE-র ওয়েবসাইট www.schools.nyc.gov/enrollment/enroll-grade-by-grade/earlylearn-nyc দেখুন।

*দ্রষ্টব্য: DOE হেড স্টার্ট ও আর্লি হেড স্টার্ট প্রোগ্রামগুলি এমন অল্পসংখ্যক পরিবারকে এনরোল করতে পারে যারা উপার্জনের ভিত্তিতে যোগ্যতা অর্জন করে না, যদি তারা পরিষেবার চাহিদা আছে এমন প্রমাণ দেখাতে পারে। এর মধ্যে প্রতিবন্ধিতাযুক্ত শিশু সহ পরিবারগুলিও রয়েছে যারা একটি হেড স্টার্ট বা আর্লি হেড স্টার্ট পরিবেশে উপকৃত হতে পারে।

## 3 ও 4 বছর বয়সীদের জন্য আর্লি চাইল্ডহুড কেয়ার এবং শিক্ষা-সংক্রান্ত বিকল্পসমূহ

বিকাশগত বিলম্ব বা প্রতিবন্ধিতা থাক বা না থাক, DOE তিন ও চার বছর বয়সী শিশু রয়েছে এমন পরিবারগুলিকে বিভিন্ন আর্লি চাইল্ডহুড কেয়ার এবং শিক্ষাগত বিকল্প দিয়ে থাকে।

আপনার সন্তানের এই প্রোগ্রামগুলির কোন একটিতে ভর্তির জন্য, আপনাকে 3-K বা প্রি-K ফর অল আবেদনপত্রের মাধ্যমে, অথবা যোগ্য হলে, সরাসরি হেড স্টার্ট ও অন্যান্য সম্প্রসারিত দিনের/বছরের প্রদানকারীদের মাধ্যমে আবেদন করতে হবে। কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) শিশুদের আর্লি চাইল্ডহুড সাধারণ শিক্ষার প্রোগ্রামসমূহ যেমন 3-K বা প্রি-K-তে আসনদানের ব্যবস্থা করে না। আপনি যদি CPSE এর কাছে মূল্যায়নের জন্য একটি রেফারেল জমা দেন বা জমা দেওয়ার পরিকল্পনা করেন এবং 3-K বা প্রি-K-তে একটি আসনের জন্য আবেদন করেন এবং তা পান, তাহলে CPSE 3-K বা প্রি-K প্রোগ্রামে আপনার সন্তানের চাহিদার উপযুক্ত স্পেশাল এডুকেশন পরিষেবার ব্যবস্থা করতে আপনার সঙ্গে কাজ করবে। আপনি 3-K বা প্রি-K প্রোগ্রামে কোন আসন পেলে কীভাবে সেখানে স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং পরিষেবার ব্যবস্থা করা যায় তা নিয়ে আলোচনা করতে সবসময়ই CPSE এর সঙ্গে যোগাযোগ করতে পারেন।

**প্রতিবন্ধিতাযুক্ত শিশু সহ সকল শিশুর পরিবারগুলিকে 3-K ও প্রি-K ফর অল-এর জন্য আবেদন করতে উৎসাহ দেওয়া হয়।** প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সার্ভিসের জন্য CPSE এর কাছে একটি রেফারেল করা সম্পর্কে আরো জানতে পৃষ্ঠা 10 এর সেকশন II, আর্লি ইন্টারভেনশন থেকে প্রিস্কুল স্পেশাল এডুকেশনে উত্তরণ, দেখুন।

## 3-K ফর অল

3-K ফর অল প্রোগ্রামগুলি নিউ ইয়র্ক সিটির তিন বছর বয়সের শিশুদের জন্য বিনামূল্যের, পূর্ণদিবসের, উচ্চমানের শিক্ষা প্রদান করে। কিছু স্কুল ডিসট্রিক্টে, 3-K প্রোগ্রামগুলি সকল পরিবারের জন্য লভ্য (সকল পরিবারের জন্য 3-K প্রোগ্রাম প্রদানকৃত ডিসট্রিক্টগুলির তালিকার জন্য www.schools.nyc.gov/enrollment/enroll-grade-by-grade/3k সাইট দেখুন)। সকল স্কুল ডিসট্রিক্টে, 3-K প্রোগ্রামগুলি আয় ও চাহিদার ভিত্তিতে যোগ্য হওয়া পরিবারগুলির জন্য লভ্য।* হেড স্টার্ট সহ, এসব প্রোগ্রাম ফ্রি কিংবা স্বল্প মূল্যের, এবং এগুলি সারা বছর প্রতিদিন 10 ঘন্টা পর্যন্ত সেবা প্রদান করে; আপনি যোগ্য হলে এবং আসন খালি থাকলে আপনার সন্তানকে যে কোনো সময় ভর্তি করতে পারবেন। আরো জানতে www.nyc.gov/3k দেখুন।

**দ্রষ্টব্য: DOE হেড স্টার্ট ও আর্লি হেড স্টার্ট প্রোগ্রামগুলিতে অল্পসংখ্যক পরিবারকে এনরোল করতে পারে যারা আয়ের ভিত্তিতে যোগ্য নয়, যদি তারা পরিষেবার চাহিদা রয়েছে এমন কিছু প্রদর্শন করে। এর মধ্যে প্রতিবন্ধিতাযুক্ত শিশু সহ পরিবারগুলিও রয়েছে যারা একটি হেড স্টার্ট বা আর্লি হেড স্টার্ট পরিবেশে উপকৃত হতে পারে।*

## প্রি-K ফর অল

প্রি-K ফর অল প্রোগ্রামগুলি নিউ ইয়র্ক সিটির চার বছর বয়সের শিশুদের জন্য **বিনামূল্যের**, পূর্ণদিবসের, উচ্চমানের শিক্ষা প্রদান করে। হেড স্টার্ট সহ কিছু প্রি-K প্রোগ্রাম আয় ও চাহিদার ভিত্তিতে যোগ্য হওয়া পরিবারগুলির জন্য উপলভ্য।* এই প্রোগ্রামগুলি বিনামূল্যের কিংবা স্বল্পমূল্যের, এবং এগুলি সারা বছর প্রতিদিন 10 ঘন্টা পর্যন্ত পরিচর্যা প্রদান করে; আপনি যোগ্য হলে এবং আসন খালি থাকলে আপনার সন্তানকে যে কোনো সময় এনরোল করতে পারেন। আরো জানতে www.nyc.gov/prek দেখুন।

**3-কে এবং প্রি-কে ফর অল নিচে উল্লিখিত পরিবেশে প্রদান করা হয়:**

- *ডিসট্রিক্ট স্কুলগুলিতে।* কিছু পাবলিক এলেমেন্টারি স্কুলেও 3-K এবং প্রি-K প্রোগ্রামের সুযোগ আছে। স্কুলের প্রিন্সিপ্যাল এইসব প্রোগ্রাম তত্বাবধান করেন।
- *প্রি-K কেন্দ্রগুলি।* প্রি-K সেন্টারগুলি DOE কর্মীদের দ্বারা পরিচালিত হয় এবং কেবলমাত্র কিন্ডারগার্টেনের আগের গ্রেডগুলির পরিষেবাই দেয়।
- *NYC আর্লি এডুকেশন সেন্টারসমূহ (NYCEECs).* কিছু কম্যুনিটি-ভিত্তিক সংগঠন 3-K এবং প্রি-K কর্মসূচি প্রদান করে, এবং সেগুলি DOE কর্তৃক সহায়তা প্রাপ্ত।
- *গৃহভিত্তিক প্রোগ্রামসমূহ।* কিছু গৃহভিত্তিক কার্যক্রম 3-K প্রদান করে এবং সেগুলি DOE সমর্থিত।

- উপলভ্য সাধারণ শিক্ষা প্রোগ্রামগুলি সম্পর্কে আরো তথ্য পেতে এবং যোগাযোগের তথ্য জানার জন্য আপনি www.MySchools.nyc দেখতে পারেন।
- আপনি DOE আউটরিচ টিমের কাছে **212-637-8000** নম্বরে ফোন করেও আরো জানতে পারবেন।
- আপনার প্রশ্ন থাকলে অথবা আপনার EI থেকে প্রিস্কুলে উত্তরণে সহায়তার প্রয়োজন হলে আপনি eitopreschool@schools.nyc.gov-এ যোগাযোগ করতে পারেন।
- সাধারণ এনরোলমেন্ট সহায়তার জন্য, আপনি ফ্যামিল ওয়েলকাম সেন্টারে যেতে পারেন (ঠিকানাগুলি এখানে পাওয়া যাবে: www.schools.nyc.gov/enrollment/enrollment-help/family-welcome-centers)।

# প্রতিবন্ধিতাযুক্ত শিশুদের জন্য 3-K ও প্রি-K-তে আবেদনের সময়রেখা

শিশুরা তাদের ব্যক্তিগত চাহিদার পক্ষে উপযুক্ত ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশের (LRE) শিক্ষা থেকে ব্যাপকভাবে উপকৃত হতে পারে। LRE এর অর্থ হল এমন পরিবেশে শিক্ষা লাভ যেখানে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের প্রতিবন্ধিতা নেই এমন শিশুদের সঙ্গে যত বেশি সম্ভব একসাথে শিক্ষাদান করা হয়। এতে অনেক সময় বোঝায় স্পেশাল এডুকেশন প্রোগ্রামগুলি অথবা সংশ্লিষ্ট পরিষেবাসহ 3-K বা প্রি-K ফর অল ক্লাসে শিক্ষা লাভ।

**আপনি 3-K বা প্রি-K-তে আবেদন করতে পারেন:**

- আপনি CPSE-এর কাছে একটি রেফারেল জমা দেওয়ার পরিকল্পনা করুন বা নাই করুন;
- আপনি যদি DOE এর কাছে ইতিমধ্যেই একটি রেফারেল জমা দিয়ে থাকেন;
- আপনি CPSE প্রক্রিয়ায় থাকলে, যার মধ্যে পড়ে আপনার মূল্যায়নের জন্য অপেক্ষা করতে থাকা অথবা আপনার IEP বৈঠকের সময় স্থির করার জন্য অপেক্ষা করতে থাকা; অথবা
- আপনার সন্তানের ইতিমধ্যেই যদি IEP থাকে, যার মধ্যে পড়ে এমন একটি IEP থাকা যা একটি সমন্বিত পরিবেশে (SCIS) স্পেশাল ক্লাস অথবা শুধু স্পেশাল ক্লাসের সুপারিশ করে (এই ধরনের প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জন্য পৃষ্ঠা 21-এ সেকশন IV দেখুন)।

জেনে রাখুন যে, 3-K ও প্রি-K এর আবেদনপত্র শীত–বসন্তে গৃহীত বার্ষিক উন্মুক্ত আবেদন প্রক্রিয়া চলাকালীন সময়ে গ্রহণ করা হয় (www.schools.nyc.gov/enrollment/enroll-grade-by-grade), তবে আবেদন বন্ধ হয়ে গেলে আপনি 3-K ও প্রি-K এর অপেক্ষাতালিকায় যোগ দেওয়ার অনুরোধ করতে পারেন। পরবর্তী অংশে বিস্তারিত আলোচিত CPSE প্রক্রিয়াটি সারাবছর ধরে চলতে থাকে এবং CPSE প্রক্রিয়ায় আপনি যেকোন অবস্থানে থাকুন না কেন, আপনাকে 3-K ও প্রি-K -এর জন্য আবেদন করতে উৎসাহ দেওয়া হচ্ছে।

আপনার IEP মিটিং অথবা স্পেশাল এডুকেশন পরিষেবার ব্যবস্থায় অপেক্ষা করার সময় আমরা আপনাকে নিজের সন্তানের জন্য একটি 3-K ও প্রি-K প্রোগ্রামে আবেদন করতে ও তাকে এনরোল করতে উৎসাহ প্রদান করি। অনুগ্রহ করে জেনে রাখুন:

- আপনি আবেদন করলে, আসন পেলে এবং একটি 3-K বা প্রি-K প্রোগ্রামে অংশ নেওয়া বেছে নিলে **এবং** আপনার একটি IEP থাকলে, CPSE আপনার IEP-র উপযুক্ত প্রোগ্রামগুলির সুপারিশ করতে আপনার সঙ্গে কাজ করবে যা আপনার বেছে নেওয়া প্রোগ্রামে আপনার সন্তানকে সহায়তা করতে পারে। আপনি 3-K বা প্রি-K প্রোগ্রামে কোন আসন পেলে কীভাবে সেখানে স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং পরিষেবার ব্যবস্থা নেয়া যায়তা নিয়ে আলোচনা করতে সবসময়ই CPSE এর সঙ্গে যোগাযোগ করতে পারেন।
- আপনি একটি ভিন্ন স্পেশাল এডুকেশন প্রোগ্রামে থাকাকালীন, কোন একটি 3-K বা প্রি-K- এর জন্য আবেদন করলে ও সেখানে আসন পেলে আপনি যদি সেই 3-K বা প্রি-K প্রোগ্রামে ট্র্যান্সফার চান, CPSE আপনার IEP-র উপযুক্ত প্রোগ্রামগুলি সুপারিশ করতে আপনার সঙ্গে কাজ করবে যা আপনার বেছে নেওয়া প্রোগ্রামে আপনার সন্তানকে সহায়তা করতে পারে। যেকোন অবস্থায়, আপনার সন্তানের যদি ঐ প্রোগ্রাম প্রদত্ত সহায়তার চেয়ে অধিক চাহিদা থাকে, আপনি অথবা প্রোগ্রাম কর্মীগণ এ নিয়ে আলোচনা করতে যে কোন সময় CPSE এর সঙ্গে দেখা করার অনুরোধ করতে পারেন।

ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশ ও অন্তর্ভুক্তির উপকারিতা সম্পর্কে আরো তথ্যের জন্য পৃষ্ঠা 21-এর সেকশন IV দেখুন।

# II. আর্লি ইন্টারভেনশন থেকে প্রিস্কুল স্পেশাল এডুকেশনে উত্তরণ

আপনার সন্তান যখন আর্লি ইন্টারভেনশন (EI) থেকে স্থানান্তরিত হয়, তখন তার সহজ উত্তরণ নিশ্চিত করতে নিচের তথ্যগুলি জানা গুরুত্বপূর্ণ।

## উত্তরণের মিটিং

আপনি আপনার সন্তানের দ্বিতীয় জন্ম বার্ষিকীর সবচেয়ে কাছাকাছি সময়ে **আর্লি ইন্টারভেনশন (EI) সার্ভিস কোঅর্ডিনেটরের সাথে তার উত্তরণের বিষয়ে ইন্ডিভিজ্যুয়ালাইজড় ফ্যামিলি সার্ভিস প্ল্যানে (IFSP)** কথা বলা শুরু করবেন। মিটিংয়ে, আপনি, আপনার আর্লি ইন্টারভেনশন অফিসিয়াল পদাধারী ব্যক্তি, এবং আপনার আর্লি ইন্টারভেনশন সার্ভিস কোঅর্ডিনেটর আপনার সন্তানের উত্তরণ পরিকল্পনা বিষয়ে একমত হবেন। এছাড়া, আপনার একটি **উত্তরণ (ট্র্যানজিশন) কনফারেন্স** করার অধিকারও আছে, যা আপনার আর্লি ইন্টারভেনশন সার্ভিস কোঅর্ডিনেটর আয়োজন করতে পারেন, যিনি DOE-র কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশনের (CPSE) একজন প্রতিনিধিকে আমন্ত্রণ জানাবেন। এই মিটিংয়ের উদ্দেশ্য প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সম্পর্কে আরও অধিক জানা।

আপনি যদি সিদ্ধান্ত নেন যে, আপনার সন্তানকে প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য মূল্যায়ন করা হোক, আপনাকে অবশ্যই আপনার সন্তানের CPSE-তে একটি চিঠি জমা দিতে হবে। এই চিঠিটিকে বলা হয় "**প্রাথমিক রেফারাল।**." আপনার EI পরিষেবা কোঅর্ডিনেটর আপনাকে একটি চিঠি লিখতে সাহায্য করতে পারেন অথবা আপনি একটি রেফারেলের সাহায্য পেতে CPSE এর সঙ্গে যোগাযোগ করতে পারেন।





# প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রক্রিয়া

নিচে সারসংক্ষেপ করা প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রক্রিয়া NYCDOE প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবার ফ্যামিল গাইডে বিশদভাবে বর্ণিত হয়েছে (যা পাওয়া যাবে: www.schools.nyc.gov/special-education/preschool-to-age-21/moving-to-preschool)সাইটে।




1 **অবহিতকরণ** আপনার আর্লি ইন্টারভেনশন (EI) সার্ভিস কোঅর্ডিনেটর আপনার সাথে CPSE-কে অবহিত করার ব্যাপারে কথা বলবে যে, আপনার সন্তানের তার EI ত্যাগের পরে পরিষেবা চালু রাখার প্রয়োজন হতেও পারে। **CPSE-কে বিজ্ঞপ্তি পাঠানোর মানে এই নয় যে, আপনি আপনার সন্তানকে CPSE-তে রেফার করছেন।** আপনি যদি CPSE-কে না জানানোর সিদ্ধান্ত নেন, তাহলেও আপনি আপনার সন্তানকে পরে সেখানে রেফার করতে পারবেন।

আপনি যদি অবহিতকরণে সম্মত হন, আপনার EI সার্ভিস কোঅর্ডিনেটর আপনার সন্তানকে রেফারেলের যোগ্য হবার আগে 120 এবং 90 দিনের মধ্যে CPSE-র কাছে **নোটিফিকেশন অভ পোটেনশিয়াল এলিজিবিলিটি** ফরম পাঠাবে। আপনি যদি CPSE-কে না জানানোর সিদ্ধান্ত নেন, আপনি নোটিফিকেশন ফরমে অপ্ট-আউট বিকল্পটিতে চেক মার্ক দিতে পারেন।

2 **রেফারেল।** আপনি যদি মনে করেন আপনার সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য হতে পারে, তার প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের **জন্য প্রথম যোগ্য** (নিচে যোগ্যতার সময়রেখা দেখুন) হবার কমপক্ষে 120 দিন আগে CPSE-তে আপনাকে একটি রেফারাল ফরম জমা দিতে হবে এবং সেটি আপনার সন্তানের তৃতীয় জন্ম বার্ষিকীর কমপক্ষে 90 দিন আগে হতে হবে।

| জন্মতারিখ | CPSE-র জন্য সবচেয়ে আগে যোগ্যতা |
|---|---|
| 1 জানুয়ারি এবং 30 জুন-এর মাঝে তিন বছরের হবে | বছরের 2 জানুয়ারি তারা তিন বছরের হবে |
| 1 জুলাই এবং 31 ডিসেম্বর-এর মাঝে তিন বছরের হবে | বছরের 1 জুলাই তারা তিন বছরের হবে |

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট একটি ক্যালকুলেটর প্রদান করেযেখানে আপনি আপনার সন্তানের জন্মতারিখের ভিত্তিতে তার সবচেয়ে আগের যোগ্যতার তারিখটি নির্ণয় করতে পারেন, লিঙ্কটি এখানে দেওয়া হল: www.p12.nysed.gov/sedcar/ei_to_4410_calculator.html

CPSE যখন আপনার সন্তানের প্রিস্কুল মূল্যায়ন পরিকল্পনা করছে, তখন আপনার সন্তানের EI পরিষেবা পরিকল্পনা এবং মূল্যায়নসমূহ অত্যন্ত সহায়ক হতে পারে। আপনি যদি সম্মত হন, আপনার EI সার্ভিস কোঅর্ডনেটর সেগুলি CPSE-কে প্রদান করবে।

আপনি যদি আপনার সন্তানকে CPSE-তে রেফার না করেন, অথবা সে যদি CPSE-র যোগ্য বিবেচিত না হয়, তাকে অবশ্যই তার তৃতীয় জন্ম বার্ষিকীর আগের দিন EI ছেড়ে যেতে হবে।

**ফস্টার কেয়ার-এ থাকা শিশুদের জন্য**, জন্মদাতা বা পালক পিতা/মাতাকে রেফারেল দিতে হবে, যদি না পিতামাতার অধিকার সমাপ্ত, সমর্পণ, স্থগিত বা সীমাবদ্ধ করা হয়ে থাকে; পিতামাতা শিক্ষাগত উদ্দেশ্যে অন্য কোনো ব্যক্তিকে "পিতৃত্ব/মাতৃত্ব সম্পর্কের ব্যক্তি" মনোনীত করে থাকেন; অথবা পিতামাতার খোঁজ না পাওয়া যায়। যদি জন্মদানকারী অথবা পালক পিতামাতার কোন খোঁজ না থাকে, DOE একজন প্রতিনিধি পিতামাতাকে নিয়োগ দেবে (সাধারণত ফস্টার প্যারেন্ট) যিনি, প্রয়োজনবোধে, তার স্পেশাল এডুকেশন বিষয়ে সিদ্ধান্ত নেবেন। ফস্টার কেয়ার এজেন্সিও রেফারেলের জন্য অনুরোধ জানাতে পারে।. একটি রেফারেলের অনুরোধ করার সময় CPSE অনুরোধটি পর্যালোচনা করবে এবং রেফারেলটি গ্রহণ বা প্রত্যাখ্যান করবে।

আপনার রেফারেল জমা দেওয়া বা না দেওয়া নির্বিশেষে, অথবা আপনি রেফারেল জমা দেওয়ার পর আপনাকে 3-K ফর অল-এর জন্য আবেদন করতে উৎসাহ দেওয়া হচ্ছে। আপনি আবেদন করলে, আসন পেলে, একটি প্রোগ্রামে অংশ নেওয়া বেছে নিলে **এবং** এর পরে আপনি একটি IEP পেলে CPSE আপনার IEP-র উপর নির্ভর করে উপযুক্ত প্রোগ্রামগুলির সুপারিশ করতে আপনার সঙ্গে কাজ করবে যা আপনার বেছে নেওয়া প্রোগ্রামে আপনার সন্তানকে সহায়তা করতে পারে। আপনি 3-K বা প্রি-K প্রোগ্রামে আসন পেলে কীভাবে সেখানে স্পেশাল এডুকেশন পরিষেবার ব্যবস্থা করা যায় তা নিয়ে আলোচনা করতে সবসময়ই CPSE-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন।

**3 মূল্যায়ন।** আপনার রেফারাল পাবার পর, CPSE ডাকযোগে মূল্যায়নের সাইটগুলির একটি তালিকা এবং অন্য গুরুত্বপূর্ণ তথ্য পাঠাবে। আপনাকে যথাসম্ভব তাড়াতাড়ি মূল্যায়নের সাইট বেছে নেবার জন্য **তালিকাটি পর্যালোচনা করে মূল্যায়নের জন্য অ্যাপেন্টমেন্ট করতে হবে।** । কিছু শিক্ষার্থীর দ্বিভাষিক মূল্যায়নের (বাইলিঙ্গুয়াল ইভাল্যুয়েশন) আবশ্যিকতা থাকে, যা পরিচালনা করা হয় ইংরেজি ও শিক্ষার্থীর বাড়ির ভাষায় বা মাতৃভাষায়। আপনার সন্তানের দ্বিভাষিক মূল্যায়ন আবশ্যিক কি না, সেটা নির্ধারণ করতে একটি মূল্যায়নের ভাষা নিরূপণকারী হোম ল্যাঙ্গুয়েজ সার্ভে পরিচালনা করা হবে। একটি মূল্যায়নকারী সাইট বাছাই বা তাদের সাথে যোগাযোগের সহায়তার জন্য আপনার CPSE-এর সাথে যোগাযোগ করুন।

এই মূল্যায়নগুলির মধ্যে পড়ে পরীক্ষাসমূহ, যেমন:

- একটি সর্বাঙ্গীণ মনস্তাত্ত্বিক মূল্যায়ন যাতে আপনার সন্তান কী জানে এবং তার জ্ঞানগত সক্ষমতাগুলিকে দেখা হয়;
- সামাজিক ইতিহাসের একটি ইন্টারভিউ, যা আপনার সন্তানের বিকাশগত ও পারিবারিক ইতিহাসের পটভূমি প্রদান করে, যা প্রায়শই জন্ম থেকে বর্তমান সময় পর্যন্ত হয়;
- একটি শারীরিক মূল্যায়ন, যা একটি স্বাস্থ্য পরীক্ষার ফর্ম যেটি প্রায়শই আপনার সন্তানের চিকিৎসকের দ্বারা পূরণ করা হয়;
- আপনার সন্তানের বর্তমান শিক্ষার পরিবেশে বা শিশু-পরিচর্যার স্থানে তাদের উপর করা একটি পর্যবেক্ষণ; এবং
- আপনার সন্তানের প্রতিবন্ধকতার সন্দেহ জোগানো শারীরিক, মানসিক, আচরণগত ও আবেগগত কারণগুলি নিরূপণ করতে প্রয়োজনানুসারে করা অন্যান্য উপযুক্ত মূল্যায়ন।

আপনার CPSE মিটিংয়ের আগে, মূল্যায়নের সাইট থেকে আপনাকে ও আপনার CPSE প্রশাসককে আপনার সন্তানের মূল্যায়নের রিপোর্টগুলি ডাকযোগে পাঠানো হবে, যার মধ্যে থাকবে একটি প্রিস্কুল শিক্ষার্থীর মূল্যায়নের সংক্ষিপ্ত রিপোর্ট যা আপনারা উভয়েই CPSE বৈঠকের আগে পর্যালোচনা করতে পারবেন।

**4** **CPSE মিটিং** মূল্যায়নের ফলাফল সম্পূর্ণ হবার পরে, CPSE আপনার সাথে একটি মিটিংয়ের সময়সূচি আয়োজন করবে। আপনার সন্তান সম্পর্কিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে আপনি যাতে CPSE-র সাথে কাজ করতে পারেন, সেজন্য পিতামাতা হিসেবে CPSE সভায় আপনার অংশগ্রহণ খুব গুরুত্বপূর্ণ। মিটিংয়ে, টিম মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করবে, আপনার সন্তান সম্পর্কে আরও তথ্য জানবে ও বিনিময় করবে, এবং আপনার সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কি না, তা নির্ধারণ করবে।

যোগ্য হতে, CPSE-কে অবশ্যই নির্ধারণ করতে হবে যে, আপনার সন্তান "**প্রতিবন্ধিতাযুক্ত একজন প্রিস্কুল শিক্ষার্থী।**" এই সিদ্ধান্তটি নির্ভর করে সেইসব মূল্যায়নের উপর যেখানে দেখা যায় আপনার সন্তানের বিকাশজনিত উল্লেখযোগ্য বিলম্ব অথবা শিক্ষাবিষয়ক কোন প্রতিবন্ধিতা রয়েছে, যা তার শিক্ষণে বিলম্ব ঘটাচ্ছে অথবা প্রতিবন্ধিতার কারণে ব্যাঘাত সৃষ্টি করছে।

আপনার সন্তান নিম্নলিখিত ক্ষেত্রগুলির একটি বা তার বেশিতে বাস্তবিক বিলম্ব প্রদর্শিত করলে তারা প্রিস্কুল বিশেষ শিক্ষা কার্যক্রম ও পরিষেবার যোগ্য হতে পারে:

- জ্ঞানগত বিকাশ (চিন্তা করার ও শেখার);
- ভাষাগত ও আদানপ্রদানের বিকাশ (বোধ ও ভাষার ব্যবহার);
- অভিযোজিত বিকাশ (স্ব-সহায়তার দক্ষতাসমূহ, যেমন টয়লেটে যাওয়া, খাওয়া ও পোশাক পরা);
- সামাজিক-মানসিক বিকাশ (অন্যদের সঙ্গে থাকা ও অনুভূতি প্রকাশের মতো আচরণ); এবং/অথবা
- পেশীসঞ্চালনের বিকাশ (শারীরিক বিকাশ, যার মধ্যে পড়ে দৃষ্টি, শ্রবণ ও চলাফেরা সংক্রান্ত বিলম্ব বা ব্যাধি)।

আপনার সন্তান যোগ্য বলে দেখা গেলে CPSE একটি **ব্যক্তিগতকৃত শিক্ষা কর্মসূচি (ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্ল্যান) (IEP)** প্রণয়ন করতে আপনার সঙ্গে কাজ করবে। একটি IEP হল একটি লিখিত পরিকল্পনা যা আপনার সন্তানের সক্ষমতা নিয়ে আলোচনা করে এবং সেই পরিষেবাগুলির রূপরেখা দেয় যা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) আপনার সন্তানের শিক্ষাগত চাহিদা পূরণ করতে বিনামূল্যে প্রদান করবে। IEP ডক্যুমেন্টের অনেকগুলি অংশ থাকে, যার মধ্যে পড়ে আপনার সন্তানের বর্তমান কার্যসম্পাদনার স্তর, পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যসমূহ, তাদের জন্য সুপারিশকৃত প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা এবং তাদের প্রয়োজন হতে পারে এমন যেকোন ধরনের মানিয়ে নেওয়া ও রদবদল।

IEP ঐসব প্রোগ্রাম ও পরিষেবার সুপারিশ করবে যা **ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশে (LRE)** আপনার সন্তানের জন্য উপযুক্ত। কম নিষেধাত্মক পরিবেশ শিক্ষার্থীদেরকে সর্বাধিক উপযুক্তভাবে, সাধারণ শিক্ষার শিক্ষার্থী যাদের IEP নেই তাদের পাশাপাশি, পরিষেবা লাভের সুযোগ প্রদান করে। এর অর্থ হল কোন 3-K বা প্রি-K প্রোগ্রামে পরিষেবা লাভ। আপনি কোন 3-K বা প্রি-K প্রোগ্রামে আবেদন করে থাকলে এবং/অথবা তার অফার পেয়ে থাকলে, CPSE বৈঠকে, আপনার CPSE প্রশাসককে এ সম্পর্কে বলুন এবং CPSE আপনার IEP-র উপর নির্ভর করে উপযুক্ত প্রোগ্রামগুলির সুপারিশ করতে আপনার সঙ্গে কাজ করবে যা আপনার বেছে নেওয়া প্রোগ্রামে আপনার সন্তানকে সহায়তা করতে পারে।

CPSE আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের আগে একটি বৈঠকের আয়োজন করলে এবং আপনার সন্তানকে এর যোগ্য বলে বিবেচনা করলে আপনি এর মধ্যে একটিকে বেছে নিতে পারেন: (ক) আপনার সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবার যোগ্য হওয়ামাত্র EI পরিষেবা সমাপ্ত করা এবং প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবা আরম্ভ করা; **অথবা** (খ) আপনার সন্তানের জন্মতারিখের উপর নির্ভর করে EI পরিষেবা সম্প্রসারিত করা।

| জন্মতারিখ | সম্প্রসারিত EI পরিষেবার শেষ তারিখ |
|---|---|
| 1 জানুয়ারি এবং 31 অগাস্টের সে মাঝে তিন বছরের হবে | বছরের 31 জানুয়ারি তারা তিন বছরের হবে |
| 1 সেপ্টেম্বর এবং 31 ডিসেম্বরের মাঝে তিন বছরের হবে | বছরের 31 ডিসেম্বরে তারা তিন বছরের হবে |

**5 পরিসেবাসমূহ।** CPSE প্রশাসক আপনার সন্তানের IEP-এর ভিত্তিতে প্রোগ্রাম, পরিষেবা ও সহায়তার সুপারিশের ব্যবস্থা করবেন। **প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিসেবাসমূহ সম্পর্কে আরো তথ্যের জন্য পৃষ্ঠা 16 দেখুন।**

যে প্রিস্কুল শিক্ষার্থীদের ব্যক্তিগতকৃত শিক্ষা কর্মসূচি (IEP-সমূহ)আছে তাদের সহায়তার জন্য বিভিন্ন প্রোগ্রাম ও পরিষেবা রয়েছে। প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস স্বল্প নিয়ন্ত্রিত থেকে অধিকতর নিয়ন্ত্রিত পর্যন্ত বিস্তৃত।

স্বল্প নিয়ন্ত্রিত কর্মসূচি শিক্ষার্থীদেরকে IEP নেই এমন শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষালাভের সুযোগ দেয়। যে শিশুদের বিশেষায়িত (স্পেশালইজড়) সহায়তা ও পরিষেবার প্রয়োজন রয়েছে তাদের জন্য আরো বিধিনিষেধ আরোপিত প্রোগ্রাম ও পরিষেবা লভ্য।

নিচে সর্বাধিক কমন প্রোগ্রাম এবং সার্ভিস উল্লেখ করা হলো।

| কার্যক্রম ও পরিষেবাসমূহ | বিবরণ |
|---|---|
| রিলেটেড সার্ভিসেস (সম্পর্কিত পরিষেবা)* | সংশ্লিষ্ট পরিষেবাগুলির মধ্যে পড়ে শারীরিক থেরাপি, বৃত্তিমূলক থেরাপি, বাচিক/ভাষাগত থেরাপি ও অন্যান্যগুলি। |
| স্পেশাল এডুকেশন আইটিনারেন্ট টিচার (SEIT)* | SEIT হলেন একজন স্পেশাল এডুকেশন শিক্ষক যিনি একজন শিক্ষার্থীর সাথে প্রাতিষ্ঠানিক, আবেগজনিত ও সামাজিক দক্ষতা নিয়ে ঘনিষ্টভাবে কাজ করেন। এই সার্ভিস আপনার সন্তানের নিয়মিত আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে, আপনার নির্দেশিত অন্য কোন চাইল্ডকেয়ার প্রদানকারীর ঠিকানায়, কিংবা কোন কোন পরিস্থিতিতে আপনার পারিবারিক বাসস্থানে ক্ষুদ্র গ্রুপে বা ওয়ান-অন-ওয়ান (একজন শিক্ষার্থীর জন্য একজন শিক্ষক প্রথায়) প্রদান করা হতে পারে। |
| সমন্বিত পরিবেশে বিশেষ ক্লাস (SCIS) | এটি এমন একটি ক্লাসরুম যেখানে IEP-সহ ও IEP-বিহীন শিক্ষার্থীদের একত্রে শিক্ষাদান করা হয়। |
| স্পেশাল ক্লাস | এটি একটি ক্লাসরুম যা শুধু IEP-যুক্ত শিক্ষার্থীদের পরিষেবা দেয়, যাদের চাহিদা একটি সাধারণ শিক্ষার কাঠামোয় বা SCIS ক্লাসরুমে পূরণ করা সম্ভব নয়। |

***দ্রষ্টব্য:** আপনার সন্তান সম্পর্কিত পরিষেবা এবং/অথবা SEIT কোন প্রাইভেট প্রিস্কুল অথবা অন্য নন-পাবলিক চাইল্ড কেয়ার পরিবেশেও নিতে পারে যেখানে আপনি তাকে ভর্তি করেন এবং তার জন্য বেতন দেন, অথবা কোন কোন ক্ষেত্রে বাড়িতে।*

## এ্যাসিস্টিভ টেকনোলোজি (সহায়ক প্রযুক্তি - এটি) কী?

সহায়ক প্রযুক্তি (AT) বলতে সেইসব যন্ত্র এবং/অথবা পরিষেবাকে বোঝায় যেগুলির রূপরেখা আপনার সন্তানের IFSP-তে 0-3 বছর বয়সের মধ্যে, এবং আপনার CPSE টিমের দ্বারা আপনার সন্তানের IEP-তে 3–5 বছর বয়সের মধ্যে দেওয়া থাকবে, যা নির্ভর করবে তাদের চাহিদার উপর। AT আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম এবং DOE - উভয়ের মাধ্যমেই প্রদান করা যাবে। তবে, EI প্রোগ্রাম ও DOE- এর মাধ্যমে সুপারিশ করা AT যন্ত্রগুলির মধ্যে পার্থক্য থাকতে পারে। EI ও DOE-র AT-এর মধ্যেকার মূল পার্থক্যের রূপরেখা নীচে দেওয়া হল:

| সহায়ক প্রযুক্তির যন্ত্র এবং/অথবা আর্লি ইন্টারভেনশন পরিষেবা... | সহায়ক প্রযুক্তির যন্ত্র এবং/অথবা DOE-র পরিষেবা... |
|---|---|
| ■ এর সুপারিশ করা হবে, যদি একজন থেরাপিস্ট নির্ধারণ করেন যে আপনার সন্তানের একটি **যন্ত্রের প্রয়োজন রয়েছে তার দৈনন্দিন জীবনের কার্যকলাপের মধ্যে তাদের ক্রিয়াশীল ফলাফলে সহায়তা করার জন্য**।<br>■ আপনার সন্তানের **IFSP**-তে যোগ করা হবে।<br>■ সাধারণত ব্যবহার করা হয় **শিশুটির বাড়িতে**।<br>■ **এর মধ্যে পড়ে সেই উদাহরণগুলি,** যেমন যথাস্থানে রাখা বা অবলম্বন দেওয়া বসার যন্ত্র, টয়লেট যাওয়ার বা স্নান করার ব্যবস্থা, হিয়ারিং এইড এবং ওয়াকার বা চলাফেরার প্রশিক্ষণ যন্ত্র। | ■ সুপারিশ করা যেতে পারে, যদি একজন মূল্যায়নকারী নির্ধারণ করেন যে আপনার সন্তানের তাদের IEP-তে সুপারিশকৃত **প্রোগ্রাম ও পরিষেবা পাওয়ার সময় শিক্ষামূলক সুবিধাগুলিতে প্রবেশ করতে একটি যন্ত্রের অবলম্বনের প্রয়োজন রয়েছে**।<br>■ আপনার সন্তানের **IEP**–তে সুপারিশকৃত স্পেশাল এডুকেশন ও পরিষেবার অধীনে যোগ করা হবে।<br>■ **শিশুটির ভর্তি হওয়া স্কুলে এবং/অথবা প্রোগ্রামে** প্রদান করা যাবে। আপনি বাড়িতে ইতিমধ্যেই একটি AT যন্ত্র ব্যবহার করলে আপনাকে সেই যন্ত্রটিকে স্কুলে আনতে বলা হতে পারে।<br>■ **এই উদাহরণগুলি অন্তর্ভুক্ত করুন,** যেমন একটি কথা সৃষ্টিকারী যন্ত্র। |

শিশুটির EI প্রতিবন্ধিতা বা বিকাশগত স্থিতির অথবা DOE-এর জন্য শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট নয় এমন চিকিৎসার বা থেরাপির সরঞ্জাম, যেখানে সেগুলি সহায়ক হতে পারে, সেগুলি এই সংস্থা দুটির কোনটি থেকেই সুনির্দিষ্টভাবে প্রদান করা হয় না। আপনাকে এই ধরনের সরঞ্জামে প্রবেশের জন্য আপনার প্রাইভেট ইনসিওরেন্স ব্যবহার করতে হতে পারে।

AT সম্পর্কে আরো তথ্যের জন্য, এখানে DOE AT-র ওয়েবসাইটটি দেখুন: www.schools.nyc.gov/learning/special-education/supports-and-services/assistive-technology.

### আর্লি ইন্টারভেনশন থেকে প্রিস্কুলে সহায়ক প্রযুক্তি ট্র্যান্সফার করা

আর্লি ইন্টারভেনশন থেকে প্রিস্কুলে AT যন্ত্র ট্র্যান্সফার করা সম্ভব হতে পারে। আর্লি ইন্টারভেনশনে থাকাকালীন আপনার সন্তান AT যন্ত্র পেয়ে থাকলে বা AT পরিষেবায় প্রবেশযোগ্যতা থাকলে, সেই তথ্য আপনার CPSE প্রশাসকের সঙ্গে শেয়ার করা জরুরি, যিনি আপনার সন্তানের IEP তৈরির সময় এই তথ্য বিবেচনা করবেন।

- আপনি EI মূল্যায়ন ও রেকর্ডসমূহ, EI প্রেরণের একটি সম্মতিতে স্বাক্ষর করে থাকলে, অনুরোধ জানান যে, যখন তারা কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন ফর্মে DOE-তে রেফারেল পাঠায় তখন যেন EISC আপনার AT যন্ত্র ও পরিষেবার তথ্য শেয়ার করে।

- EISC রেফারেল ফর্ম পাঠানোর সময় এই তথ্য শেয়ার করুক বা না করুক, আপনাকে আপনার CPSE বৈঠকে আপনার সন্তানের পরিষেবার EI অনুমোদন নিয়ে আসতে হবে (একটি ফর্ম যাতে পরিষেবার বিবরণ দেয়া থাকে, এর অন্তর্ভুক্ত AT, যা আপনার সন্তান EI-তে পেয়েছে)।

**এই তথ্য CPSE টিমের কাছে আপনার সন্তানের শিক্ষাগত প্রয়োজন সম্পর্কে চিন্তা করার সময় সহায়ক হবে।** অনুগ্রহ করে জেনে রাখুন যে, DOE-তে AT পরিষেবার প্রবেশযোগ্যতার জন্য DOE -এর সেন্টার ফর অ্যাসিসটিভ টেকনোলজির মাধ্যমে অতিরিক্ত মূল্যায়নের প্রয়োজন হতে পারে। DOE প্রিস্কুল প্রোগ্রামে AT সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে CATpreschool@schools.nyc.gov -এ ইমেল করুন।

# প্রোগ্রাম এবং পরিষেবার ব্যবস্থা করা

আপনার সন্তানের IEP তৈরির পর, কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) পিতামাতা হিসেবে আপনাকে সার্ভিস শুরুর জন্য লিখিত অনুমতি প্রদানের অনুরোধ জানাবে। এটাকে বলে সার্ভিসের জন্য "**সজ্ঞাত সম্মতি**"। আপনার লিখিত সম্মতি লাভের পর, CPSE পরিষেবা প্রদান শুরু করবে। আপনার সন্তানের IEP-তে নির্দেশিত সকল প্রোগ্রাম ও সার্ভিসের ব্যবস্থা করতে CPSE দায়বদ্ধ থাকবে। আপনি সম্মতি দেওয়ার অনুরোধে সাড়া না দিলে অথবা আপনি সম্মতি দিতে অস্বীকার করলে CPSE পরিষেবা প্রদানের ব্যবস্থা করবে না এবং আর কোনো পদক্ষেপও নেওয়া হবে না।

**আপনার সন্তানের IEP যদি সুপারিশ করে**

| SEIT এবং/অথবা সম্পর্কিত পরিষেবা শুধু | একটি "সমন্বিত পরিবেশে স্পেশাল ক্লাস" অথবা শুধু "স্পেশাল ক্লাস" |
|---|---|
| এইসব পরিষেবা দেয়া হতে পারে:<br>▪ **সকল প্রিস্কুল বা চাইল্ড কেয়ার পরিবেশে (পাবলিক এবং প্রাইভেট), অথবা**<br>▪ **কিছু নির্দিষ্ট ক্ষেত্রে বাড়িতে**.<br><br>*CPSE আর্লি চাইল্ডহুড সাধারণ শিক্ষার **কর্মসূচিগুলিতে** আসন প্রদানের ব্যবস্থা করে না। আপনি যদি DOE-র আর্লি চাইল্ডহুড কর্মসূচিসমূহে আবেদন করতে আগ্রহী হন, পৃষ্ঠা 7-9-এ আগের সেকশনটি দেখুন। আপনার সন্তান যদি এইসব কর্মসূচির কোন একটিতে ভর্তি হয়, তাকে সম্পর্কিত পরিষেবা এবং/অথবা SEIT ঐ কর্মসূচিতেই প্রদান করা হবে।* | CPSE একটি যথোপযুক্ত প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রামে ভর্তির জন্য আসনের ব্যবস্থা করবে। এই ক্লাসগুলি প্রি-K কেন্দ্রগুলিতে, ডিসট্রিক্ট স্কুলগুলিতে এবং কমিউনিটি-ভিত্তিক বিশেষ শিক্ষা প্রোগ্রামে পাওয়া যাবে।<br><br>*আপনার সন্তানের সকল IEP-সুপারিশকৃত পরিষেবা প্রিস্কুলের স্পেশাল এডুকেশন প্রোগ্রামে প্রদান করা হবে।* |

আপনার সন্তান যদি স্পেশাল ক্লাস বা SCIS এর সুপারিশ সহ একটি IEP পায়, তবুও আপনাকে 3-K বা প্রি-K ফর অল-এ আবেদন করতে উৎসাহ দেওয়া হচ্ছে। আপনি আবেদন করলে, আসন পেলে এবং কোন 3-K বা প্রি-K প্রোগ্রামে অংশগ্রহণ বেছে নিলে, CPSE আপনার IEP-তে বর্ণিত উপযুক্ত প্রোগ্রামগুলি সুপারিশ করতে আপনার সঙ্গে কাজ করবে যা আপনার বেছে নেওয়া প্রোগ্রামে আপনার সন্তানকে সহায়তা করতে পারে। আপনার সন্তানের এই প্রোগ্রামে প্রদান করা যেতে পারে এমন আরো সহায়তার প্রয়োজন রয়েছে কিনা তা নিয়ে আলোচনা করতে আপনি বা প্রোগ্রাম কর্মীগণ যে কোনসময় CPSE- এর সঙ্গে দেখা করার অনুরোধ করতে পারেন।

মূল্যায়ন, প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রামে যোগ্যতার মাপকাঠি, IEP-সমূহ, এবং প্রোগ্রাম ও পরিষেবাসহ CPSE প্রক্রিয়া সম্পর্কে আরো জানতে প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবার ফ্যামিলি গাইডটি দেখুন: www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/family-guide-to-preschool-special-education-services-bengali

## যথাযথ প্রক্রিয়া

আপনার সন্তানের ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (IEP) প্রণয়ন, পর্যালোচনা ও সংশোধনে আপনার অংশগ্রহণ অপরিহার্য। একজন পিতা/মাতা হিসেবে, আপনার সন্তানের IEP-তে কী রয়েছে আপনার তা পুরোপুরি বোঝা নিশ্চিত করার অধিকার রয়েছে।

আইনত, পিতা/মাতা হিসেবে আপনার যথাযথ প্রক্রিয়ার অধিকার রয়েছে, যার অর্থ হল এই যে, কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশনের (CPSE) বৈঠকে আপনি তাদের কোনো সুপারিশের সঙ্গে একমত না হলে আপনার মধ্যস্থতা এবং/অথবা নিরপেক্ষ শুনানি নামক প্রক্রিয়ায় আপনার সন্তানের যোগ্যতা, মূল্যায়ন এবং আসন লাভের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার অধিকার থাকবে।

- **মধ্যস্থতা:** মধ্যস্থতা চলাকালীন, আপনি ও CPSE-এর একজন সদস্য একজন নিরপেক্ষ তৃতীয় পক্ষের সঙ্গে বসবেন যিনি আপনাকে ও DOE-কে সম্মত হতে উৎসাহ দেবেন। মধ্যস্থতাকারী কোন সিদ্ধান্ত দেবেন না বা নির্দেশ জারি করবেন না। এর স্থলে মধ্যস্থতাকারীর কাজ হলো আপনাকে ও DOE-কে একটি গ্রহণযোগ্য সমাধানে নিয়ে আসা।
  - আপনি আপনার স্থানীয় মধ্যস্থতা সেন্টারে লিখিতভাবে একটি মধ্যস্থতার অনুরোধ করতে পারেন। মধ্যস্থতা সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে নিচের ওয়েবসাইট দেখুন: www.schools.nyc.gov/learning/special-education/help/your-rights.

- **নিরপেক্ষ শুনানি:** একজন পিতা/মাতা হিসেবে আপনার একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ করার অধিকার রয়েছে। এটি একটি আইনগত প্রক্রিয়া। একটি নিরপেক্ষ শুনানি চলাকালীন, আপনি একজন নিরপেক্ষ শুনানি অফিসারের সামনে হাজিরা দেবেন (কোনো DOE কর্মচারী নয়) এবং আপনার পক্ষের বক্তব্য উপস্থাপিত করবেন। হিয়ারিং অফিসার ও DOE প্রতিনিধি আপনার কথা শুনবেন, সাক্ষীদের জবানবন্দী ও প্রামাণ্য দলিল গ্রহণ করবেন এবং আপনার উত্থাপিত অভিযোগ কীভাবে সমাধান করা হবে, সে ব্যাপারে লিখিত সিদ্ধান্ত প্রদান করবেন। একবার নিরপেক্ষ শুনানির অনুরোধ করা হয়ে গেলে, "অনিশ্চিত অবস্থা" (কখনোসখনো "একই অবস্থায় থাকা"ও বলা হয়) প্রযোজ্য হতে পারে। এর অর্থ হল আপনার সন্তান বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অথবা আপনি DOE- র সঙ্গে সম্মত না হওয়া পর্যন্ত যে কোন যথাযথ প্রক্রিয়া চলাকালীন সময়ে সে তার বর্তমান অবস্থানেই থেকে যেতে পারে। জেনে নিন যে, আপনার সন্তানের বয়স 3 বছর হলে এবং CPSE পরিষেবার যোগ্যতা তখনও পর্যন্ত প্রতিষ্ঠিত না হলে, অনিশ্চিত অবস্থা প্রযুক্ত হবে না।
  - নিরপেক্ষ শুনানির অনুরোধ লিখিতভাবে নিরপেক্ষ শুনানি অফিসে **নিরপেক্ষ শুনানির অফিসে** করা আবশ্যক<br>131 Livingston Street, Room 201 Brooklyn, New York 11201<br>ফোন: (718) 935-3280, ইমেল: ihoquest@schools.nyc.gov
  - আপনার নিরপেক্ষ শুনানির অনুরোধ আবশ্যই:
    - নিরপেক্ষ শুনানির অফিসে লিখিতভাবে করতে হবে;
    - আপনার সন্তানের নাম, ঠিকানা ও শিক্ষার্থী ID নম্বর উল্লেখ করতে হবে (যদি আপনার সন্তানের এই মুহূর্তে তা থাকে);
    - আপনার সন্তান যে স্কুলে ভর্তি হয়েছে তার নাম উল্লেখ করতে হবে (অথবা জানাতে হবে যে আপনার সন্তান এখনো কোনো স্কুলে ভর্তি হয়নি);
    - আপনার উদ্বেগ ও আপনার প্রস্তাবিত সমাধান সংক্রান্ত ঘটনার বিবরণ দিনা; এবং
    - আপনার (পিতার/মাতার) নাম ও যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন।
  - একটি সুপারিশকৃত অনুরোধের ফর্ম, যা আপনি একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ জানাতে ব্যবহার করতে পারেন, যা CPSE -এ, নিরপেক্ষ শুনানির অফিসে, অথবা এখানে অনলাইনে www.schools.nyc.gov/learning/special-education/help/impartial-hearings পাওয়া যাবে।





## 3-K ফর অল ও প্রি-K ফর অল-এ লভ্য সহায়তা

আপনি যদি কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশনে (CPSE) **রেফারেল দিতে না চান**, অথবা আপনি যদি CPSE-তে রেফরেল পাঠান এবং আপনার সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশনের জন্য যোগ্য বিবেচিত না হয়, সে ক্ষেত্রে আপনার সন্তান সাধারণ শিক্ষা সহায়তার সুযোগ লাভ করবে যেমন 3-K এবং প্রি-কে ফর অল।

3-K ও প্রি-K ফর অল সকল শিশুর জন্য বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে থাকে। এইসব প্রোগ্রামে আর্লি চাইল্ডহুড শিক্ষক রয়েছেন যারা শিশুদের চলনশক্তি, ভাষা এবং সাক্ষরতা, এবং সামাজিক-মানসিক দক্ষতা গড়ে তোলায় পারদর্শী। কোন একটি নিয়মিত দিনে, শিশুরা বড় এবং ছোট রুপে বিভিন্ কর্মকাণ্ড, পছন্দমতো সময়ে ও খেলাধুলোর মাধ্যমে শেখে। দিনব্যাপী শিক্ষকগণ সময়ের সাথে সাথে তাদের শিক্ষার্থীদের অগ্রগতি পর্যবেক্ষণ করে এইসব শিক্ষণ অভিজ্ঞতাকে মানানসই করে তোলে। এই কর্মসূচিগুলির বিভিন্ন রিসোর্সে সুবিধা গ্রহণের সুযোগও আছে যেমন আর্লি চাইল্ডহুড সোশ্যাল ওয়ার্কার অ্যান্ড ইনস্ট্রাকশনাল কোঅর্ডিনেটরস্, যাদেরকে পাওয়া যাবে পরিবার সংশ্লিষ্টতা, সামাজিক-মানসিক শিক্ষণ এবং শিক্ষানির্দেশনাসহ এই কর্মসূচিগুলিতে সহায়তাদানের জন্য।

- উপলভ্য সাধারণ শিক্ষা প্রোগ্রামগুলি সম্পর্কে আরো তথ্যের জন্য এবং যোগাযোগের তথ্য পাওয়ার জন্য আপনি www.MySchools.nycসাইট দেখতে পারেন।
- আপনি DOE আউটরিচ টিমের কাছে **212-637-8000** নম্বরে ফোন করেও আরো জানতে পারবেন।
- আপনার প্রশ্ন থাকলে অথবা আপনার EI থেকে প্রিস্কুলে উত্তরণে সহায়তার প্রয়োজন হলে আপনি eitopreschool@schools.nyc.gov-এ যোগাযোগ করতে পারেন।
- সাধারণ এনরোলমেন্ট সহায়তার জন্য আপনি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যেতে পারেন (ঠিকানাগুলি পাওয়া যাবে: www.schools.nyc.gov/enrollment/enrollment-help/family-welcome-centers)ঠিকানায়।

# III. আর্লি ইন্টারভেনশন এবং প্রিস্কুল স্পেশাল এডুকেশনের মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য

আর্লি ইন্টারভেনশন (EI) থেকে প্রিস্কুল স্পেশাল এডুকেশনে যাওয়া আপনার ও আপনার সন্তানের জন্য একটা আবশ্যিক মানিয়ে নেওয়ার ব্যাপার হতে পারে। প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সার্ভিসগুলি EI সার্ভিস থেকে ভিন্ন।

একটি প্রধান পরিবর্তন হলো এই যে, আপনার পরিবারের জন্য আর কোন আর্লি ইন্টারভেনশন সার্ভিস কোঅর্ডিনেটর থাকবে না। তার বদলে, আপনি আপনার সন্তানের ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (IEP) তৈরি করতে কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশনের (CPSE) প্রশাসকের সাথে কাজ করবেন, এবং CPSE প্রশাসক CPSE প্রক্রিয়ার প্রাথমিক যোগাযোগ-বিন্দু হবেন।

এছাড়া, আপনার সন্তান সেই একই জায়গায় আর পরিষেবা লাভ করবে না যেখানে সে EI-তে থাকাকালে পরিষেবা লাভ করছিলো। প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসসমূহ খুব সাধারণভাবে আর্লি চাইল্ডহুড প্রোগ্রামের সময় প্রদান করা হয়। অধিক উল্লেখযোগ্য চাহিদা রয়েছে এমন শিক্ষার্থীদের প্রিস্কুল স্পেশাল এডুকেশন ক্লাসের প্রয়োজন থাকতে পারে।



**আপনি নিচে প্রদত্ত টেবিলে পার্থক্যগুলির একটি সার-সংক্ষেপ পড়তে পারেন:**

| | **নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম অ্যান্ড সার্ভিসেস** | **নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রাম/সার্ভিসেস** |
|---|---|---|
| **পরিষেবা প্রদানকৃত শিক্ষার্থীদের বয়স** | জন্ম থেকে 3 বছর **পর্যন্ত বয়সের শিশু** যাদের বিকাশগত প্রতিবন্ধিতা বা বিলম্ব রয়েছে। | প্রতিবন্ধিতাযুক্ত **অথবা দেরিতে বিকাশগত সমস্যাযুক্ত** যা শিক্ষার্থীর শিক্ষণে ব্যাঘাত ঘটাচ্ছে বয়স 3 থেকে 5 |
| **পরিষেবার স্থান** | পরিষেবাগুলি বেশিরভাগ ক্ষেত্রেই প্রদান করা হয় **প্রাকৃতিক পরিবেশে**, যা তার বাড়িতে বা আপনার সন্তানের আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে হতে পারে। | পরিষেবাসমূহ খুব সাধারণভাবে **সেন্টার-নির্ভর**, এবং সেগুলি চাইল্ডকেয়ার অথবা প্রিস্কুল প্রোগ্রামে, অথবা কিছু নির্দিষ্ট ক্ষেত্রে বাড়িতে দেয়া হতে পারে। অধিক উল্লেখযোগ্য চাহিদা রয়েছে এমন শিক্ষার্থীদের প্রিস্কুল স্পেশাল এডুকেশন ক্লাসের জন্য সুপারিশ করা হতে পারে। |
| **মূল্যায়ন** | EI-র যোগ্যতা নির্ধারণ করা হয় মূল্যায়নের মাধ্যমে। EI মূল্যায়নগুলি মনোনিবেশ করে **শিশুদের বিকাশের উপর**।<br><br>আর্লি ইন্টারভেনশন সার্ভিসের একজন কোঅর্ডিনেটর, প্রয়োজনবোধে, আপনার পরিবারকে মূল্যায়নের সূচি তৈরিতে সহায়তা দিতে পারেন। | প্রিস্কুল স্পেশাল এডুকেশনের যোগ্যতা নির্ধারণ করা হয় মূল্যায়নের মাধ্যমে। প্রিস্কুল মূল্যায়নগুলি ফোকাস করে**শিক্ষণে এবং বেড়ে-ওঠায়**।<br><br>পিতামাতাগণ অবশ্যই প্রদত্ত প্রাথমিক রেফারাল প্যাকেটের তালিকা থেকে একটি অনুমোদিত মূল্যায়নের সাইট বেছে নেবে। পিতামাতাগণ অবশ্যই মূল্যায়নের সাইটের সাথে মূল্যায়নের সময়সূচি নেবে। অনুরোধসাপেক্ষে, CPSE পরিবারকে মূল্যায়নের সাইটের সাথে যোগাযোগ করানোর ব্যাপারে সহায়তা করবে। |
| **পরিষেবা প্ল্যান** | যোগ্য হলে, একজন শিক্ষার্থীর জন্য একটি **ইন্ডিভিজ্যুয়াইজড় ফ্যামিলি সার্ভিস প্ল্যান (IFSP)** তৈরি করা হয় যেখানে বলা থাকে সে কী কী পরিষেবা পাবে। আর্লি ইন্টারভেনশন অফিসিয়ালের দায়িত্বে থাকা ব্যক্তির নেতৃত্বে একটি মিটিংয়ে এটি ঘটে। | যোগ্য হলে একটি **ব্যক্তিক শিক্ষা কর্মসূচি(IEP)** একটি CPSE বৈঠকে CPSE প্রশাসকের নেতৃত্বে তৈরি করা হয়। IEP-টি হলো একটি পরিকল্পনা যা শিক্ষার্থীর ক্ষমতা আলোচনা করে এবং পরিষেবার একটি বিবরণ দেয় যা শিক্ষার্থীর শিক্ষা চাহিদা পূরণে প্রদান করা হয়। |
| **পিতামাতার সংশ্লিষ্টতা** | **পিতামাতারা প্রক্রিয়ায় এবং শিশুর প্ল্যান** তৈরিতে সক্রিয়ভাবে নিয়োজিত থাকেন। | **পিতামাতারা প্রক্রিয়ায় এবং শিশুর প্ল্যান** তৈরিতে সক্রিয়ভাবে নিয়োজিত থাকেন। |
| **যোগ্য শিক্ষার্থীদের শ্রেণিভাগ** | শিশুদের শ্রেণিবিভাগ করা হয় **আর্লি ইন্টারভেনশন পরিষেবার যোগ্যতা অনুসারে**। এর অর্থ হল তাদের স্বাস্থ্যগত কোন রোগ নির্ণীত হয়েছে অথবা বিকাশগত বিলম্ব রয়েছে। | শিক্ষার্থীদের IEP-তে তাদেরকে **প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থী হিসেবে শ্রেণিভুক্ত করা হয়**। এর অর্থ তাদের শিক্ষণে বিলম্ব অথবা প্রতিবন্ধিতা রয়েছে যা ব্যাঘাত সৃষ্টি করছে। |
| **পরিষেবার ব্যবস্থা করা** | **দায়িত্বে নিযুক্ত আর্লি ইন্টারভেনশন অফিসিয়াল (EIOD)** এবং **আর্লি ইন্টারভেনশন সার্ভিস কোঅর্ডিনেটর (EISC) পরিবারের সাথে IFSP** তৈরি করে, EI পরিষেবাদানের সময়ে পরিবারের সাথে কাজ করে, এবং উত্তরণ পরিকল্পনায় সহায়তা দেয়। | একজন **CPSE প্রশাসক** আপনার সন্তানের IEP-তে উল্লিখিত প্রোগ্রাম ও পরিষেবার ব্যবস্থা করেন। |
| **10 বনাম 12 মাস** | EI পরিষেবাগুলি প্রদান করা হয় **গোটা ক্যালেন্ডার বছর ধরে (12 মাস)।** | প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবাগুলি **সাধারণত গোটা স্কুলবর্ষ জুড়ে (10 মাস) প্রদান করা হয়, তবে তা 12 মাস ধরেও প্রদান করা যেতে পারে** যদি গ্রীষ্মের মাসগুলিতে পরিষেবা না পাওয়ার ফলে আপনার সন্তান যথেষ্ট পিছিয়ে পড়ে। |
| **খরচ** | যোগ্য শিক্ষার্থীদেরকে বিনা খরচে সকল **আর্লি ইন্টারভেনশন সার্ভিস** প্রদান করা হয়। তবুও, আর্লি ইন্টারভেনশন ফ্যামিলি ইনসিওরেন্স এবং মেডিকেড তথ্য জানতে চাইবে। | **যোগ্য শিক্ষার্থীদেরকে বিনা খরচে সকল প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস** প্রদান করা হয়। |

# IV. ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশ (LRE) ও অন্তর্ভুক্তি

DOE যথাযথ ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশে (LRE) পরিষেবা দেয়, যার অর্থ হল প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে যতটা বেশি পরিসরে সম্ভব প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের সঙ্গে এক সাথে শিক্ষাদান করা হয়। অন্তর্ভুক্তির ক্লাসগুলি হল এমন ক্লাস যেখানে প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতা ছাড়া শিক্ষার্থীরা একই ক্লাসরুমে শিক্ষা লাভ করে।

শিশুদের প্রিস্কুল স্পেশাল এডুকেশনের যোগ্য বলে দেখা গেলে, কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) প্রিস্কুল শিক্ষার্থীদের জন্য একটি যথাযথ ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশে পরিষেবার সুপারিশ করে, বেশিরভাগ শিক্ষার্থীর জন্য যা অন্তর্ভুক্তিকর পরিবেশ হওয়া উচিত।

এসব অন্তর্ভুক্তিকর পরিবেশের উদাহরণ হলো:

- একটি সাধারণ শিক্ষার ক্লাসরুম, যেমন 3-K ফর অল এর মতো প্রোগ্রাম যেখানে বাচিক বা শারীরিক থেরাপির মতো পরিষেবা দেয়া হয়;
- একটি সাধারণ শিক্ষার ক্লাসরুম, যেমন 3-K ফর অল এর মতো প্রোগ্রাম যেখানে একজন স্পেশাল এডুকেশনের আইটিনারেন্ট টিচার (SEIT) থাকে;
- একটি সমন্বিত পরিবেশের স্পেশাল ক্লাস (SCIS), যাতে প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতা শিশুরা থাকে; এবং
- একটি সমন্বিত পরিবেশের স্পেশাল ক্লাস (SCIS), যাতে অতিরিক্ত সহায়তাসহ প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতা ছাড়া শিশুরা থাকে, যেমন বাচিক বা শারীরিক থেরাপি অথবা একজন প্যারাপ্রোফেশনাল সহায়তাযুক্ত পরিষেবাগুলি।

অন্যান্য সুপারিশ, যেমন একটি স্পেশাল ক্লাসের প্রোগ্রাম যেখানে কেবল প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরই পরিষেবা দেওয়া হয়, এবং কেবল তখনই প্রদান করা হয় যখন সাধারণ শিক্ষায় অথবা অতিরিক্ত সহায়তা ও পরিষেবাসহ SCIS পরিবেশে তাদের চাহিদাগুলি পূরণ করা যায় না। আপনার সন্তান যদি স্পেশাল ক্লাস অথবা SCIS এর সুপারিশসহ একটি IEP পায়, আপনাকে তা সত্ত্বেও 3-K বা প্রি-K **ফর অল এর জন্য আবেদন করতে উৎসাহ দেওয়া হচ্ছে। আপনি আবেদন করলে**, আসন পেলে এবং একটি 3-K বা প্রি-K প্রোগ্রামে অংশগ্রহণ বেছে নিলে. CPSE আপনার IEP-তে উল্লিখিত যথাযথ প্রোগ্রামসমূহের সুপারিশ করতে আপনার সঙ্গে কাজ করবে যা আপনার বেছে নেওয়া প্রোগ্রামে আপনার সন্তানকে সহায়তা করতে পারে। আপনার সন্তানের এই প্রোগ্রামে প্রদান করা যেতে পারে এমন আরো সহায়তার প্রয়োজন রয়েছে কিনা তা নিয়ে আলোচনা করতে আপনি বা প্রোগ্রাম কর্মীরা যেকোনো সময় CPSE- এর সঙ্গে দেখা করার অনুরোধ করতে পারেন।










# অন্তর্ভুক্তির উপকারিতাসমূহ

অন্তর্ভুক্তিকর পরিবেশ, যেমন একটি সাধারণ শিক্ষার অথবা SCIS ক্লাসরুম, প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতা ছাড়াা শিশুদের একে অপরের সঙ্গে শেখার সুযোগ দেয়। অন্তর্ভুক্তি শিক্ষাগত বৃদ্ধি, স্বাধীনতা ও সামাজিক-মানসিক বিকাশকে উন্নীত করে।

আর্লি চাইল্ডহুডের অন্তর্ভুক্তির গবেষণায় দেখা গেছে যে:

- প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতা ছাড়া শিশু - উভয়েই অন্তর্ভুক্তি থেকে উপকৃত হয়:
  - প্রতিবন্ধিতাযুক্ত শিশুরা তাদের সতীর্থদের থেকে শেখে এবং তাদের আদানপ্রদান, সামাজিক-মানসিক ও অভিযোজিত আচরণের দক্ষতা আরো ভালোভাবে তৈরি হয়।
  - প্রতিবন্ধিতা না থাকা শিশুদের বৈচিত্র্যকে আরো বেশি করে গ্রহণ করার গুণ এবং তাদের মধ্যে আরো সহানুভূতিশীল সামাজিক আচরণ তৈরি হয়।
- যে প্রতিবন্ধিতাযুক্ত শিশুদের অন্তর্ভুক্তিকর ক্লাসরুমে শিক্ষা দেওয়া হয় তাদের:
  - ভাষার ও গণিতের দক্ষতা আরো জোরদার হয়।
  - তাদের সতীর্থদের সঙ্গে সামাজিক আদানপ্রদানের সম্ভাবনা বাড়ে, যা তাদেরকে বন্ধুত্বের বৃহত্তর নেটওয়ার্ক তৈরি করার এবং সামাজিক দক্ষতা অর্জন করার সুযোগ করে দেয়।
  - স্কুলে আরো কম দিন অনুপস্থিত থাকার প্রবণতা দেখা যায়।

অনুস্মারক হিসেবে, 3-K ও প্রি-K ফর অল অন্তর্ভুক্তিকর পরিবেশ প্রদান করে। এই প্রোগ্রামগুলি সম্পর্কে আরও তথ্য পেতে ও কীভাবে আবেদন করতে হবে সেসম্পর্কিত আরো তথ্যের জন্য 7 থেকে 9 পৃষ্ঠার সেকশন I দেখুন।

# V. অতিরিক্ত তথ্য ও সংস্থান

## 3-K ফর অল ও প্রি-K ফর অল-এ আবেদনের সংস্থানসমূহ:

প্রোগ্রামের তথ্য ও যোগাযোগ এবং 3-K ও প্রি-K ফর অল- এর আবেদনপত্র www.MySchools.nyc সাইটে পাওয়া যাবে।

- আবেদনের সহায়তার জন্য আউটরিচ টিমের সঙ্গে যোগাযোগ করুন: **212-637-8000** নম্বরে ফোন করে।
- ভর্তি ও এনরোলমেন্ট সম্পর্কে সাধারণ প্রশ্নের জন্য, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট ESEnrollment@schools.nyc.gov -এ যোগাযোগ করুন।
- আপনি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারেও যেতে পারেন (ঠিকানাগুলি এখানে পাওয়া যাবে: www.schools.nyc.gov/enrollment/enrollment-help/family-welcome-centers).

## প্রিস্কুল স্পেশাল এডুকেশন সহায়তার জন্য DOE-র যোগাযোগের তথ্য:

| বিষয় | যোগাযোগের তথ্য |
|---|---|
| DOE স্পেশাল এডুকেশন হটলাইন | **718-935-2007** |
| আর্লি ইন্টারভেনশন (EI) উত্তরণ | EItoPreschool@schools.nyc.gov |
| সংশ্লিষ্ট পরিষেবাগুলি | RelatedServices@schools.nyc.gov |
| স্পেশাল এডুকেশন | SpecialEducation@schools.nyc.gov |
| অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থীগণ | STHinfo@schools.nyc.gov |
| সহায়ক প্রযুক্তি | CATpreschool@schools.nyc.gov |

NYCDOE প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবার ফ্যামিলি গাইড সহ বিভিন্ন রিসোর্স DOE-র প্রিস্কুল স্পেশাল এডুকেশন ওয়েবপেজে পাওয়া যাবে: www.schools.nyc.gov/learning/special-education/preschool-to-age-21/moving-to-preschool.

অতিরিক্ত তথ্যের জন্য, **311** নম্বরে ডায়াল করুন অথবা www.schools.nyc.gov/specialeducation দেখুন।

# CPSE রিজিয়ন, চেয়ারপার্সন ও কমিউনিটি কোঅর্ডিনেটরের যোগাযোগের তথ্য

কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) 3 থেকে কিন্ডারগার্টেন বয়সের (যে বছর আপনার সন্তান পাঁচ বছরের হবে) প্রি-স্কুলের ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয় বিষয়ে দায়বদ্ধ থাকবে।। ছেলেমেয়েরা কোথায় সার্ভিস বা প্রি-স্কুল পরিষেবা পাচ্ছে, সেটা বিবেচনা ছাড়াই CPSE-গুলো পরিবারসমূহের সাথে তাদের আবাসিক ডিস্ট্রিক্ট-এ কাজ করে।

সিটির বিভিন্ন স্থানে 10টি CPSE রয়েছে। প্রতিটি CPSE, বৃহত্তর কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসের অংশ। একজন চেয়ারপারসন CPSE-সহ অন্তর্ভুক্ত অফিস তত্বাবধান করেন। CPSE কমিউনিটি কোঅর্ডিনেটরগণ CPSE প্রক্রিয়ার মাধ্যমে পিতামাতাদের সহায়তা প্রদান করেন। আপনি CPSE-এর কাছে একটি রেফারেল করার পর, আপনি যে CPSE-তে রেফার করেছেন সেখানকার কমিউনিটি কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে পারেন।

আপনি কোন স্কুল ডিসট্রিক্টে বাস করেন তা না জানলে আপনার ডিসট্রিক্ট খুঁজে নিতে **311** নম্বরে ডায়াল করুন অথবা www.MySchools.nyc ব্যবহার করুন। প্রতিটি CPSE একাধিক স্কুল ডিস্ট্রিক্টের দায়িত্বে থাকে। আপনি আপনার ডিস্ট্রিক্টের CPSE-র যোগাযোগের তথ্য নিচের টেবিলে বা অনলাইনে www.schools.nyc.gov/learning/special-education/help/committees-on-special-educationএখানে পেতে পারেন।

| CPSE | ডিসট্রিক্ট(গুলি) | ঠিকানা | CPSE-র যোগাযোগের তথ্য | ফ্যাক্স |
|---|---|---|---|---|
| 1 | 7, 9,10 | One Fordham Plaza, 7th Floor Bronx, NY 10458 | **ফোন:** 718-329-8000<br>**চেয়ারপার্সন:**<br>স্টিভেন বার্কল্যান্ড (Steven Birkeland) – SBirkeland@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটরবৃন্দ:**<br>জামিকা বেনেট (Jamiqua Bennett)– JBennett16@schools.nyc.gov<br>লরেন ক্রস (Lauren Cross)– LCross3@schools.nyc.gov | CPSE 1: 718-326-8138<br>CSE 1: 718-472-6114 |
| 2 | 8, 11, 12 | 3450 East Tremont Avenue, 2nd Floor Bronx, NY 10465 | **ফোন:** 718-794-7420 Español: 718-794-7490<br>**চেয়ারপার্সন:** ট্রিশিয়া ডিভিটো ( Tricia DeVito)– TDeVito@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>ভার্ন হিল (Vern Hill) – VHill5@schools.nyc.gov | CPSE 2: 718-472-6116<br>CSE 2: 718-472-6146 |
| 3 | 25, 26 | 30-48 Linden Place Flushing, NY 11354 | **ফোন:** 718-281-3461<br>**চেয়ারপার্সন:**<br>জেনিফার লোজানো (Jennifer Lozano)– JLozano@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>ডেনিস হেন্ডারসন (Denise Henderson) – DHenderson8@schools.nyc.gov | CPSE 3: 718-472-6118<br>CSE 3: 718-472-6149 |
| 3 | 28, 29 | 90-27 Sutphin Boulevard Jamaica, NY 11435 | ফোন: 718-557-2553<br>**চেয়ারপার্সন:**<br>জেনিফার লোজানো (Jennifer Lozano)– JLozano@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>ডীনা ক্যালি (Deana Kalle - সাটফিন)DKalley@schools.nyc.gov | CPSE 3: 718-472-6118<br>CSE 3: 718-472-6149 |
| 4 | 24, 30 | 28-11 Queens Plaza North, 5th Floor Long Island City, NY 11101 | **ফোন:** 718-391-8405<br>**চেয়ারপার্সন:**<br>ক্রিস সিনিকোলা (Chris Cinicola)CCinicola@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>লুরিয়ানি রেনোসো (Loureannie Reynoso)**LReynoso4@schools.nyc.gov** | CPSE 4: 718-472-6120<br>CSE 4: 718-472-6155 |
| 4 | 27 | 82-01 Rockaway Boulevard, 2nd Floor Ozone Park, NY 11416 | **ফোন:** 718-642-5715<br>**চেয়ারপার্সন:** ক্রিস সিনিকোলা (Chris Cinicola)CCinicola@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>লুরিয়ানি রেনোসো (Loureannie Reynoso)LReynoso4@schools.nyc.gov | CPSE 4: 718-472-6120<br>CSE 4: 718-472-6155 |

| CPSE | ডিসট্রিক্ট(গুলি) | ঠিকানা | CPSE এর যোগাযোগগুলি | ফ্যাক্স |
|---|---|---|---|---|
| 5 | 19, 23, 32 | 1665 St. Marks Avenue Brooklyn, NY 11233 | **ফোন:** 718-240-3557 or 718-240-3558<br>**চেয়ারপার্সন:**<br>জেরাল্ডিন ব্যুভিল (Geraldine Beauvil)– GBeauvil@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>শেমেন ওয়ার্ড (Chemene Ward)CWard11@schools.nyc.gov | CPSE 5: 718-472-6125<br>CSE 5: 718-472-6159 |
| 6 | 17, 18, 22 | 5619 Flatlands Avenue Brooklyn, NY 11234 | **ফোন:** 718-968-6200<br>**চেয়ারপার্সন:**<br>আর্লিন রোজেনস্টক (Arlene Rosenstock)– ARosens3@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>ডানা ম্যালাসিও – DMalacio2@schools.nyc.gov | CPSE 6: 718-472-6128<br>CSE 6: 718-472-6164 |
| 7 | 20, 21 | 415 89th Street Brooklyn, NY 11209 | **ফোন:** 718-759-4900<br>**চেয়ারপার্সন:** ডিনা বেনান্তি (Dina Benanti)-DBenanti@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>নিবেদিতা বিশ্বাস (Nivedita Biswas)–NBiswas2@schools.nyc.gov | CPSE 7- BK: 718-472-6131<br>CSE 7- BK: 718-472-6168 |
| 7 | 31 | 715 Ocean Terrace, Building A Staten Island, NY 10301 | **ফোন:** 718-420-5790<br>**চেয়ারপার্সন:** ডিনা বেনান্তি (Dina Benanti)– DBenanti@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>ডোয়েল স্যান্তিয়াগো (Doel Santiago) (SI) – Dsantiago23@schools.nyc.gov | CPSE 7- SI: 718-472-6139<br>CSE 7- SI: 718-472-6161 |
| 8 | 13, 14, 15, 16 | 131 Livingston Street, 4th Floor Brooklyn, NY 11201 | **ফোন:** 718-935-4900<br>**চেয়ারপার্সন:** ক্যারোলিন ডানার (Carolyn Danner)– CDanner@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটরবৃন্দ:**<br>লিসান্ড্রা আন্দ্রাদে (Lisandra Andrade) – LAndrade2@schools.nyc.gov<br>ডানা ইনেসা রিন্ডেলার (Dana Ynesa Reandelar)– DReandelar@schools.nyc.gov | CPSE 8: 718-472-6133<br>CSE 8: 718-472-6179 |
| 9 | 1, 2, 4 | 333 7th Avenue, 4th Floor New York, NY 10001 | **ফোন:** 917-339-1600<br>**চেয়ারপার্সন:** এস্থার মোরেল (Esther Morell)– EMorell@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>ভিনসেন্ট লেন (Vincent Lane)– VLane@schools.nyc.gov | CPSE 9: 718-472-6136<br>CSE 9: 718-472-6181 |
| 10 | 3, 5, 6 | 388 West 125th Street, New York, NY 10027 | **ফোন:** 212-342-8300<br>**চেয়ারপার্সন:**<br>ফ্যাবিয়ানা চেমেরিন্সকি (Fabiana Czemerinski)– FCzemerinski@schools.nyc.gov<br>**কমিউনিটি কোঅর্ডিনেটর:**<br>তানিয়া তিরাদো (Tanya Tirado) – TTirado2@schools.nyc.gov | CPSE 10: 718-472-6138<br>CSE 10: 718-472-6193 |





# অফিস অভ স্কুল হেলথ্‌

অফিস অভ স্কুল হেলথ্ (OSH) হল নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্ এবং ডিপার্টমেন্ট অভ এডুকেশনের একটি যৌথ অফিস। OSH কর্মীগণ নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের স্বাস্থ্যের উন্নতিতে কাজ করে। OSH স্বাস্থ্যের বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থী সহ সকল শিক্ষার্থীদের স্বাস্থ্য পরিষেবা প্রদান করে। DOE-র কিছু প্রিস্কুল প্রোগ্রামে এই পরিষেবা প্রদান করার জন্য একজন অন সাইট নার্স থাকেন।

***অফিস অভ স্কুল হেলথ্ বিভিন্ন প্রোগ্রাম এবং পরিবারকে সহায়তা দেয়.....***

| চাহিদাযুক্ত শিশুদের স্বাস্থ্য পরিষেবা প্রদান করে। | স্কুলগুলিকে, পিতামাতাদের/পরিবারগুলিকে এবং শিক্ষার্থীদেরকে তথ্য প্রদানের মাধ্যমে। |
|---|---|
| ■ সেইসব শিক্ষার্থীকে চিকিৎসা পরিচর্যা প্রদান করে যারা স্কুলে অসুস্থ হয়ে পড়ে অথবা যাদের স্বাস্থ্যের চলমান সমস্যা রয়েছে।<br>■ স্কুলে শনাক্ত স্বাস্থ্য উদ্বেগ নিয়ে আপনার সঙ্গে যোগাযোগ করে।<br>■ স্বাস্থ্যগত জরুরি অবস্থায় সাড়া দেয়।<br>■ স্বাস্থ্য পরীক্ষা পরিচালনা করে।<br>■ শিক্ষার্থীদেরকে সংক্রামক রোগ ছড়ানো থেকে রক্ষা করে। | ■ স্কুল দিবস চলাকালীন স্বাস্থ্যের জরুরি অবস্থা কীভাবে পরিচালনা করতে হবে তার প্রশিক্ষণ কর্মসূচি প্রদান করে (অ্যালার্জি, হাঁপানি, ডায়াবেটিস, খিঁচুনি)।<br>■ শিক্ষার্থী ও পিতামাতাদের স্বাস্থ্যের সমস্যা ও স্বাস্থ্যকর আচরণ সম্পর্কে শিক্ষাদান করে, যেমন উত্তম পুষ্টি ও শারীরিক কার্যকলাপ।<br>■ পরিবারগুলিকে কমিউনিটি স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী ও অন্যান্য কমিউনিটি রিসোর্সে প্রেরণ করে। |

***একজন পিতা/মাতা বা আইনি অভিভাবক হিসেবে:***

- আপনার সন্তান প্রথমবারের মতো কোন NYC স্কুলে ভর্তি হলে আপনার সন্তানের প্রাথমিক পরিচর্যা প্রদানকারীকে বাধ্যতামূলক শিশুদের/কিশোর-বয়সীদের স্বাস্থ্য পরীক্ষার ফর্ম (CH-205) পূরণ করতে অনুরোধ জানান। লক্ষ্য করুন যে NYC স্কুলে ভর্তি হওয়া সকল শিশুর এই ফর্মটি পূরণ করা আবশ্যক।
  - CH-205 ফর্মটি এবং স্কুলে ভর্তি হওয়ার জন্য স্বাস্থ্যের প্রয়োজনীয়তাগুলি সম্পর্কে আরো তথ্য খুঁজে নিতে DOE ওয়েবসাইট দেখুন: www.schools.nyc.gov/school-life/health-and-wellness/health-requirements-to-attend-school.
- আপনার সন্তানের CPSE টিম এবং/অথবা প্রিস্কুল প্রোগ্রামে জানিয়ে দিন, আপনার সন্তানের কোন স্বাস্থ্যগত সমস্যা আছে কিনা এবং স্কুলে/পরিবহনে স্বাস্থ্য পরিষেবা বা বিশেষ সুবিধার প্রয়োজন হতে পারে কিনা (যেমন ওষুধপত্র, চিকিৎসা, চিকিৎসা সরঞ্জাম)। আপনাকে আপনার সন্তান ও তার চিকিৎসা প্রদানকারী - উভয়কেই ফর্ম পূরণ করতে দেওয়া হবে যাতে প্রয়োজন হলে স্কুল দিবসে এবং/অথবা পরিবহনে তাকে স্বাস্থ্য পরিষেবা প্রদান করা যায়।
  - স্বাস্থ্য পরিষেবা এবং বিশেষ সুবিধার ফর্ম DOE-র ওয়েবসাইটে পাওয়া যাবে www.schools.nyc.gov/school-life/health-and-wellness/health-services.
  - এই ফর্মগুলি আপনার সন্তানের প্রিস্কুল প্রোগ্রামে প্রথমদিন উপস্থিত হওয়ার আগে পূরণ করা আবশ্যক; আপনার CPSE প্রশাসকের সঙ্গে শেয়ার করতে আপনার CPSE বৈঠকের আগে আপনার চিকিৎসা প্রদানকারীর সঙ্গে সেগুলি পূরণ করুন।
- আপনার সন্তানের প্রাথমিক পরিচর্যা প্রদানকারীর কাছে আপনার সন্তানের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও তার ফলো আপ করার বিষয়টি নিশ্চিত করুন। আপনার সন্তানের কোনো প্রাথমিক পরিচর্যা প্রদানকারী না থাকলে প্রদানকারীদের বিকল্পের জন্য আপনার সন্তানের হেলথ্ ইনসিওরেন্স প্ল্যান দেখে নিন।

- আপনার সন্তানের হেলথ্ ইনসিওরেন্স না থাকলে:
  - নিউ ইয়র্ক স্টেটে, অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, 19 বছরের কমবয়সী সকল শিশু চাইল্ড হেলথ প্লাস এর যোগ্য। আরো তথ্যের জন্য:
    - 311 নম্বরে ফোন করুন;
    - আপনার স্কুলে এনরোলমেন্টের দায়িত্বে থাকা ব্যক্তির কাছে দেখে নিন; অথবা
    - অনলাইনে দেখে নিন: www.nystateofhealth.ny.gov.
- আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে আপনার স্কুল নার্সের সঙ্গে কথা বলুন অথবা অফিস অভ স্কুল হেলথে যোগাযোগ করুন OSH@health.nyc.gov.

## বাইরের রিসোর্স

**INCLUDEnyc: NYC-এর জন্য ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট (FACE) সেন্টারসমূহ**

INCLUDEnyc হল আর্লি চাইল্ডহুড ও স্কুল-বয়সীদের জন্য ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট (FACE) সেন্টার যা অবস্থিত ব্রংক্স, ব্রুকলিন, ম্যানহ্যাটন, কুইন্স, এবং স্ট্যাটেন আইল্যান্ডে, এগুলি অর্থায়িত নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের অফিস অভ স্পেশাল এডুকেশন (NYSED OSE) কর্তৃক, যাতে শিক্ষা ব্যবস্থার মধ্যে অর্থবহ পারিবারিক সংশ্লিষ্টতা বৃদ্ধি করা যায়, সহযোগিতামূলক কমিউনিটি সম্পর্ক গড়ে তোলা, এবং জন্ম থেকে 21 বছর বয়স পর্যন্ত শিশুদের জন্য লভ্য পরিষেবার বিকল্পসমূহের তথ্য এবং ট্রেনিং প্রদান করা যায়।

INCLUDEnyc-এর সাথে যোগাযোগ করতে, আপনি নিম্নলিখিত উপায়গুলিতে যোগাযোগ করতে এবং সহায়তার অনুরোধ জানাতে বা প্রশ্ন করতে পারবেন:

- এখানে তাদের ওয়েবসাইটে গিয়ে: www.includenyc.org / Español: www.incluyenyc.org;
- এই নম্বরে তাদের হেল্পলাইনে ফোন করে: **212-677-4660** / Español: **212-677-4688**; অথবা
- এখানে তাদেরকে ইমেল করে: info@INCLUDEnyc.org.

**এগুলি হল সেই অতিরিক্ত সংগঠনসমূহ যারা সহায়ক হতে পারে এবং যাদের কাছে আপনার জন্য অতিরিক্ত সংস্থান থাকতে পারে।**

| সংগঠন | ফোন | ইমেল | ওয়েবসাইট |
|---|---|---|---|
| Advocates for Children of New York (এডভোকেটস ফর চিলড্রেন অভ নিউ ইয়র্ক) | 866-427-6033 (সোম–বৃহস্পতি, সকাল 10টা থেকে বিকেল 4টে) | info@advocatesforchildren.org | www.advocatesforchildren.org |
| Office for People with Developmental Disabilities (OPWDD) | 866-946-9733 | info@opwdd.ny.gov | www.opwdd.ny.gov |
| নিউ ইয়র্ক স্টেটের পেরেন্ট টু পেরেন্ট | 518-381-4350<br>1-800-305-8817 | info@ptopnys.org | www.parenttoparentnys.org |
| Sinergia / Metropolitan Parent Center | 212-643-2840<br>866-867-9665 | information@sinergiany.org | www.sinergiany.org |
| United We Stand of New York | 718-302-4313 | info@uwsofny.org | www.uwsofny.org |

# VI. মূল পরিভাষাগুলি

**যোগ্যতার বয়স:** শিশুর জন্মতারিখের ভিত্তিতে, যে বয়সে একটি শিশু CPSE পরিষেবা পাওয়া শুরু করতে পারে।

**বিহেভিয়ার ইন্টারভেনশন প্ল্যান (BIP):** চ্যালেঞ্জিং আচরণ শনাক্ত করার ও তার নিষ্পত্তি করার একটি প্ল্যান যা একটি FBA ফলাফলের ভিত্তিতে তৈরি হয়েছে।

**কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE):** 3-5 বছর বয়সী শিশুদের জন্য স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার সমন্বয় সাধন করে এবং DOE -এর মাধ্যমে প্রিস্কুলের প্রতিবন্ধিতাযুক্ত শিশুদের জন্য পরিষেবার ব্যবস্থা করে।

**ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE):** একটি সিটি এজেন্সি যা প্রিস্কুল–12 পর্যন্ত পাবলিক স্কুল প্রোগ্রামগুলি দেখাশোনা করে, যার মধ্যে পড়ে 3-K ফর অল ও NYC- এর জন্য প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস।

**ডিপার্টমেন্ট অভ মেন্টাল হেলথ্ অ্যান্ড হাইজিন (DOHMH):** যে সিটি সংস্থাটি NYC-তে ব্যুরো অভ আর্লি ইন্টারভেনশনের দেখাশোনা করে।

**আর্লি ইন্টারভেনশন (EI):** DOHMH প্রোগ্রাম যা ছোট শিশুদের (জন্ম থেকে 3 বছর বয়সী) সাহায্য করে, যারা তাদের সমান বয়সী অন্য শিশুদের মতো শিখছে না, খেলছে না, বাড়ছে না, কথা বলছে না বা হাঁটছে না।

**প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবার যোগ্যতা:** বিকাশগত মাইলফলকগুলির তুলনায় উল্লেখযোগ্য বিলম্ব অথবা শিক্ষার্থীর যে প্রতিবন্ধিতা আছে যা তার শেখার ক্ষমতাকে প্রভাবিত করে এমন কোনো প্রতিবন্ধিতা নির্ধারণ। নিউ ইয়র্ক স্টেটে, 3-5 বছর বয়সী শিশুদেরকে "প্রতিবন্ধী প্রিস্কুল শিক্ষার্থী" হিসেবে শনাক্ত করা হয়, যদি CPSE চিহ্নিত করে যে শিশুটির কোন প্রতিবন্ধিতা রয়েছে।

**ফ্রি এবং যথাযথ পাবলিক এডুকেশন (FAPE):** সরকারি খরচে, সরকারি তত্ত্বাবধান ও নির্দেশের অধীনে এবং পিতার/মাতার কোন খরচ ছাড়া প্রদত্ত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সংশ্লিষ্ট পরিষেবাসমূহ।

**ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্ট (ব্যবহারিক আচরণগত মূল্যায়ন, এফবিএ):** একটি মূল্যায়ন যা নির্ধারণ করতে চায়, কেন শিক্ষার্থীটি এমন আচরণে সংশ্লিষ্ট হয় যা শিক্ষণে বিঘ্ন ঘটায় এবং কীভাবে শিক্ষার্থীর আচরণ তার পরিবেশের সঙ্গে সম্পর্কিত।

**ইন্ডিভিজ্যুয়ালস্ উইদ ডিসঅ্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট (IDEA):** একটি ফেডারেল আইন যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের 3 বছর বয়স থেকে শিক্ষার্থীর বয়স 21 বছর হওয়া পর্যন্ত অথবা হাই স্কুল ডিপ্লোমা সহ গ্র্যাজুয়েট হওয়া পর্যন্ত ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশে একটি FAPE লাভের অধিকার দেয়।

**ব্যক্তিক শিক্ষা কর্মসূচি - ইন্ডিভিজ্যুয়ালাইজড় এডুকেশন প্রোগ্রাম (IEP):** একটি লিখিত পরিকল্পনা যা শিশুটির সক্ষমতা ও লক্ষ্যসমূহ নিয়ে আলোচনা করে এবং তাদের শিক্ষার চাহিদা পূরণ করতে DOE বিনামূল্যে যে পরিষেবা দেবে তার রূপরেখা দেয়।

**ব্যক্তিক পারিবারিক পরিষেবার প্ল্যান (IFSP):** একটি লিখিত প্ল্যান যা শিশু ও তার পরিবারের জন্য বিশেষভাবে ডিজাইনকৃত যেখানে তারা যে EI পরিষেবা লাভ করবে তার রূপরেখা এবং ব্যাখ্যা থাকে।

**ন্যূনতম বিধিনিষেধ আরোপিত পরিবেশ (LRE):** এমন একটি পরিবেশ যেখানে কোন শিশুর জন্য প্রোগ্রাম ও পরিষেবার সুপারিশ করা হবে, যা IEP-হীন শিক্ষার্থীদের জন্য সবচেয়ে বেশি উপযুক্ত পরিবেশ।

**সম্ভাব্য যোগ্যতার নোটিফিকেশন:** একজন শিশু তার CPSE পরিষেবার যোগ্য হওয়ার 120 দিন আগে পাঠানো একটি ফর্ম যা CPSE-কে অবহিত করে যে শিশুটির EI ছেড়ে যাওয়ার পরেও বিশেষ পরিষেবার প্রয়োজন হতে পারে। পরিবারগুলি CPSE-কে অবহিত করতে না চাইলে তাদের সেটিতে 'না' বলার অধিকার থাকবে।

**অফিস ফর পিপল্ উইদ ডেভোলাপমেন্টাল ডিসঅ্যাবিলিটিজ (OPWDD)** নিউ ইয়র্ক স্টেটের একটি সংস্থা যারা সব বয়সের মেধাগত ও বিকাশগত প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের তাদের চাহিদার স্তরে পরিষেবা প্রদান করে।

**রেফারেল:** শিক্ষার্থীর প্রতিবন্ধিতা আছে কিনা এবং তার স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন রয়েছে কিনা তা নির্ধারণ করার একটি লিখিত অনুরোধ যা স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার একটি মূল্যায়ন দিয়ে আরম্ভ হয়।

**সংশ্লিষ্ট পরিষেবা - রিলেটেড সার্ভিসেস (RS):** একজন শিক্ষার্থীর শিক্ষাগত লক্ষ্যে সহায়তা করতে তার IEP-তে বর্ণিত পরিষেবাগুলি, যেমন ফিজিক্যাল থেরাপি, অকুপেশনাল থেরাপি, বাচিক/ ভাষাগত থেরাপি ও অন্যান্য।

**স্পেশাল ক্লাস (SC):** অতিরিক্ত সহায়তা ও পরিষেবাসহ একটি ক্লাসরুম যা শুধু IEP-যুক্ত শিক্ষার্থীদের পরিষেবা দেয়, যাদের চাহিদা একটি সাধারণ শিক্ষার কাঠামোয় বা SCIS ক্লাসরুমে পূরণ করা সম্ভব নয়।

**সমন্বিত পরিবেশে স্পেশাল ক্লাস (SCIS):** এমন একটি ক্লাসরুম যেখানে IEP-যুক্ত ও IEP–বিহীন শিক্ষার্থীদের একত্রে শিক্ষাদান করা হয়।

**স্পেশাল এডুকেশন আইটিনারেন্ট টিচার (SEIT):** একজন শিক্ষক যিনি কোন শিক্ষার্থীর সঙ্গে তার অ্যাকাডেমিক, আবেগজনিত ও সামাজিক দক্ষতা নিয়ে ঘনিষ্টভাবে কাজ করেন। এই পরিষেবাটি আপনার সন্তানের নিয়মিত আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে, পরিবারের স্থির করা অন্য কোনো শিশু পরিচর্যার ঠিকানায়, কিংবা কোনো কোনো পরিস্থিতিতে আপনার পারিবারিক বাসস্থানে ক্ষুদ্র গ্রুপে বা সামনাসামনি প্রদান করা হতে পারে।

Department of Education
Chancellor Richard A. Carranza

আর্লি ইন্টারভেনশন থেকে প্রিস্কুলে উত্তরণে DOE -র- গাইড